# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Boishakh 04, 1431 Bangla, April 17, 2024, Wednesday, No. 108, 54th year

# H I G H L I G H T S

AL GS Obaidul Quader has commented that Israel's Prime Minister Benjamin Netanyahu has "emerged as more dangerous than Hitler". (Jago FM: 13)

State Minister of Information and Broadcasting Muhammad Ali Arafat has said action will be taken against unregistered and illegal online portals. (VOA: 08)

BNP SG Mirza Fakhrul Islam has said the fascist Awami govt. has increased the level of oppression to hide all their misdeeds. (Jago FM: 17)

In a press release, BNP SJSG Ruhul Kabir Rizvi has said the party has decided not to join the upcoming upazila polls as it does not want to be part of the "farcical election". (Jago FM: 15)

Although AL has refrained from giving party symbols and nominations in the upazila elections, parliamentarians and local influential leaders are announcing their supported candidates, which has already created divisions and groupings in the Grassroots. (DW: 09)

A Dhaka tribunal has extended the bail period of Dr Muhammad Yunus and three other top officials of the company, in a labour law violations case. (VOA: 06)

At least 14 people have been killed and several others injured in a head-on collision between a bus and a pick-up truck at Kanaipur area in Faridpur's Sadar upazila. (R. Today: 11)

BD ranks 141st among 164 countries in global Freedom Index while 99 in Prosperity index. Bangladesh has been declining for 22 consecutive years in the Index, which includes political, economic, and legal components. (VOA: 04)

Twelve more members of Myanmar's Border Guard Police (BGP) have taken shelter in Bangladesh. (Jago FM: 15)

IMF revises down growth forecast for BD's economy to 5.7 percent for FY 2023-24, where high inflation, unemployment, low remittance flows and declining industrial investment targets have been highlighted. (VOA: 04)

In the face of the demands of the protesting students, Prof Mizanur Rahman has been removed from the post of director of the Directorate of Students' Welfare of BUET. (Jago FM: 17)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ০৪, বাংলা ১৪৩১, এপ্রিল ১৭, ২০২৪, বুধবার, নং- ১০৮, ৫৪তম বছর**

# শিরোনাম

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুকে ‘এ যুগের হিটলার’ বলে মন্তব্য করছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। (জাগো এফএম: ১৩)

অনিবন্ধিত ও অবৈধ অনলাইন সংবাদ প্রতিষ্ঠানের বিরুদ্ধে পদক্ষেপ নেয়া হবে বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত। (ভোয়া: ০৮)

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম বলেছেন, ফ্যাসিস্ট আওয়ামী সরকার তাদের সব অপকর্মকে আড়াল করতেই সরকারের জুলুমের মাত্রা বৃদ্ধি করেছে। (জাগো এফএম: ১৭)

বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী এক বিবৃতিতে জানিয়েছেন, আসন্ন উপজেলা নির্বাচন বর্জনের সিদ্ধান্ত নিয়েছে দলটি। (জাগো এফএম: ১৫)

আওয়ামী লীগ উপজেলা নির্বাচনে দলীয় প্রতীক এবং মনোনয়ন দেয়া থেকে বিরত থাকলেও স্থানীয় পর্যায়ে সংসদ সদস্য ও প্রভাবশালী নেতারা তাদের সমর্থিত প্রার্থী ঘোষণা করছেন যা নিয়ে তৃণমূলে এরই মধ্যে বিভেদ ও গ্রুপিং তৈরি হয়েছে। (ডয়েচে ভেলে: ০৯)

মিয়ানমার বর্ডার গার্ড পুলিশের (বিজিপি) আরও ১২ সদস্য পালিয়ে বাংলাদেশে আশ্রয় নিয়েছে। (জাগো এফএম: ০৬)

শ্রম আইন লঙ্ঘনের দায়ে ছয় মাসের সাজাপ্রাপ্ত নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূসসহ চারজনের জামিনের মেয়াদ বাড়িয়েছে শ্রম আপিল আদালত। (ভোয়া: ১১)

চলতি অর্থবছরের জন্য দ্বিতীয়বারের মতো বাংলাদেশের অর্থনীতির প্রবৃদ্ধির পূর্বাভাস সংশোধন করে ৫.৭% নির্ধারণ করেছে আইএমএফ। আইএমএফের প্রবৃদ্ধির পূর্বাভাসে, ক্রমাগত উচ্চ মূল্যস্ফীতি, বেকারত্ব, নিম্ন রেমিট্যান্স প্রবাহ, শিল্প বিনিয়োগের লক্ষ্যমাত্রা হ্রাস এবং বিভিন্ন বৈশ্বিক ও স্থানীয় চ্যালেঞ্জ তুলে ধরা হয়েছে। (ভোয়া: ০৪)

ফরিদপুরের কানাইপুরে বাস ও পিকআপ ভ্যানের সংঘর্ষে ১৪ জন নিহত হয়েছেন; আহত হয়েছেন আরো বেশ কয়েকজন। (রে. টুডে: ১৫)

স্বাধীনতা সূচকে ১৬৪টি দেশের মধ্যে বাংলাদেশ অবস্থান ১৪১তম। সমৃদ্ধি সূচকে ৯৯ তম, বৈশ্বিক স্বাধীনতা ও সমৃদ্ধি সূচকে রাজনৈতিক, অর্থনৈতিক ও আইনি নির্দেশকগুলোতে বাংলাদেশের অবস্থান টানা ২২ বছর ধরে নিম্নমুখী। (ভোয়া: ০৪)

আন্দোলনরত শিক্ষার্থীদের দাবির মুখে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ছাত্রকল্যাণ পরিদপ্তরের পরিচালক অধ্যাপক মিজানুর রহমানকে দায়িত্ব থেকে সরিয়ে দিয়েছে প্রশাসন। (জাগো এফএম: ১৭)

# বিবিসি

## বৃষ্টি হলেও স্বস্তি মিলবে না, তাপমাত্রা ৪১ ডিগ্রি ছাড়িয়ে যাবে

তীব্র গরমে বাংলাদেশের বিভিন্ন জায়গায় জনজীবন যখন অস্থির হয়ে উঠেছে, তখন রাজধানী ঢাকাসহ দেশের কিছু জায়গায় বৃষ্টি হয়েছে। বৃষ্টির কারণে তাপমাত্রা কিছুটা কমে আসলেও সেটি খুব বেশি স্থায়ী হবে না বলে জানাচ্ছেন আবহাওয়াবিদরা। গত কয়েক বছর যাবত দেখা যাচ্ছে, বৈশাখ মাসের এই সময়টিতে তাপমাত্রা এ রকম থাকে এবং এবারও সেটির ব্যতিক্রম হয়নি। এপ্রিল মাসে বিদ্যুৎ পরিস্থিতি নিয়ে মানুষের মনে উদ্বেগও বাড়ছে। সাধারণত দেখা যায়, গরম বাড়লে বিদ্যুৎ ঘাটতি দেখা দেয়। এমন অবস্থায় আবহাওয়া অধিদপ্তর যে পূর্বাভাস দিচ্ছে সেটি গরম নিয়ে দুশ্চিন্তা আরো বাড়িয়ে তুলছে। আবহাওয়াবিদ বজলুর রশিদ বিবিসি বাংলাকে বলেন, আগামী ২০শে এপ্রিলের পরে গরমের তীব্রতা আরো বৃদ্ধির পূর্বাভাস করা হচ্ছে। "আগামী ২০ তারিখের পর বিভিন্ন জায়গায় গরমের ব্যাপ্তি আরো বাড়বে," আবহাওয়াবিদ বজলুর রশিদ বিবিসি বাংলাকে বলেছেন। কোথাও কোথাও তাপমাত্রা ৪১ ডিগ্রি হতে পারে বলে তিনি জানিয়েছেন।

দেশের কিছু জায়গায় ইতোমধ্যে মৃদু থেকে মাঝারি তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। এসব জায়গা হচ্ছে রাজশাহী, রংপুর, ঢাকা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু জায়গা। আবহাওয়া অধিদপ্তর বলছে, মৃদু তাপপ্রবাহে তাপমাত্রা থাকে ৩৬ ডিগ্রি থেকে ৩৭.৯ ডিগ্রি সেলসিয়াস। এবং মাঝারি তাপপ্রবাহে তাপমাত্রা থাকে ৩৮ ডিগ্রি থেকে ৩৯.৯ ডিগ্রি সেলসিয়াস। এই তাপ প্রবাহের তেমন কোনো পরিবর্তনের সম্ভাবনা দেখছে না আবহাওয়া অধিদপ্তর। আবহাওয়াবিদ বজলুর রশিদ বলেছেন, কয়েকদিন পরে ময়মনসিংহ, সিলেট এবং ব্রাহ্মণবাড়িয়ার কিছু জায়গায় বৃষ্টি হতে পারে। তবে সে সম্ভাবনা কম বলে তিনি উল্লেখ করেন। "যে বৃষ্টিপাত হবে তাতে গরমের তীব্রতা কমবে না। গরমের তীব্রতা কমে আসার জন্য যে ধরনের বৃষ্টিপাত প্রয়োজন সেটির সম্ভাবনা দেখা যাচ্ছে না," বলেন মি. রশিদ। বুধবার চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে কোথাও কোথাও বিক্ষিপ্ত শিলা বৃষ্টি হতে পারে।

আবহাওয়া বিভাগ বলেছে, গত বছরের এই দিনে অর্থাৎ ১৬ই এপ্রিল ঢাকায় সর্বোচ্চ তাপমাত্রা ছিল। তখন তাপমাত্রা ছাড়িয়েছিল ৪০.৬০ ডিগ্রি সেলসিয়াস। আগামী সপ্তাহ নাগাদ ঢাকার তাপমাত্রা ৪০ ডিগ্রি ছুঁতে পারে বলে ধারণা করছেন আবহাওয়াবিদরা।

বিদ্যুৎ বিভাগের হিসেবে দেখা যাচ্ছে, মঙ্গলবার সর্বোচ্চ চাহিদা ছিল ১৪ হাজার ৩৫০ মেগাওয়াট। গতকাল ২৪৫ মেগাওয়াট লোডশেডিং করতে হয়েছে। এর মধ্যে ঢাকায় কোনো লোডশেডিং ছিলনা। বিদ্যুৎ বিভাগের পরিসংখ্যানে দেখা যাচ্ছে, মঙ্গলবার সর্বোচ্চ চাহিদা হবে ১৫ হাজার মেগাওয়াট। অন্যদিকে সর্বোচ্চ উৎপাদন হবে ১৫ হাজার ৮৯০ মেগাওয়াট। সে হিসেবে লোডশেডিং হবার কথা নয় বলে দেখা যাচ্ছে বিদ্যুৎ বিভাগের পরিসংখ্যানে।

পাওয়ার সেলের মহাপরিচালক মোহাম্মদ হোসাইন বিবিসি বাংলাকে বলেন, প্রতি বছর এপ্রিল মাসে সর্বোচ্চ চাহিদা থাকে। একদিকে গরম এবং অন্যদিকে সেচের চাহিদা। "এবারও আমরা মনে করছি যে এপ্রিল মাসটাই হবে সর্বোচ্চ চাহিদা মাস।" তিনি বলেন, এপ্রিল মাসে সর্বোচ্চ চাহিদা হবে ১৭ হাজার ৫০০ মেগাওয়াট।

(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৪.২০২৪ নারগীস)

# ভয়েস অফ আমেরিকা

## ঢাকা-দিল্লি সম্পর্ক লালন করে নতুন উদ্যমে এগিয়ে নিতে হবে : হর্ষ বর্ধন শ্রিংলা

ভারতের সাবেক পররাষ্ট্র সচিব হর্ষ বর্ধন শ্রিংলা বলেছেন, বাংলাদেশ ও ভারতের সম্পর্কের ধরন এমন যে, একে, পারস্পরিক অব্যাহত সহযোগিতার মাধ্যমে লালন করতে হবে এবং এগিয়ে যেতে হবে। তিনি আরো বলেন, "এই সম্পর্ক শুধু সামনের দিকে এগিয়ে যাচ্ছে না, দ্রুত গতিতে এগিয়ে যাচ্ছে। নতুন উদ্যমে এই সম্পর্কের গতি ধরে রাখতে হবে।" বিশ্ব রাজনীতি ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পররাষ্ট্রনীতি নিয়ে আলোচনা করতে প্রতিম রঞ্জন বসুর সঙ্গে একটি পডকাস্টে যোগ দেন বাংলাদেশে ভারতের সাবেক হাইকমিশনার হর্ষ বর্ধন শ্রিংলা। প্রতিম রঞ্জন বসু একজন মিডিয়া ভাষ্যকার, গবেষক ও পরামর্শদাতা। ২০২২-২৩ সালে ভারতের জি-২০ প্রেসিডেন্সির প্রধান সমন্বয়ক ছিলেন শ্রিংলা। তিনি বলেন, ভারতের প্রধানমন্ত্রী মোদী ও বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা খুবই ভালো সম্পর্ক গড়ে তুলেছেন; যা ঢাকা-দিল্লি সম্পর্কের সোনালি অধ্যায় হিসেবে পরিচিত। দুই দেশ একসঙ্গে সম্পর্কের নানা উত্তেজনাকর পরিস্থিতি মোকাবেলা করেছে। নতুন করে ভারতীয় ঋণের সম্ভাবনা সম্পর্কে এক প্রশ্নের জবাবে হর্ষ বর্ধন শ্রিংলা বলেন, প্রতিটি দেশের ঋণ পাওয়ার ক্ষমতা রয়েছে। "ভারত ও বাংলাদেশের মধ্যে সম্পর্ক সন্তোষজনক পর্যায়ে রয়েছে এবং নির্ধারিত ঋণসীমাসহ প্রতিটি ক্ষেত্রে অবশ্যই এগিয়ে যেতে হবে;" যোগ করেন তিনি। হর্ষ বর্ধন শ্রিংলা আরো বলেন যে, প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য নিবিড়ভাবে কাজ করা খুবই জরুরি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 'প্রতিবেশী প্রথম' নীতির প্রশংসা করেন তিনি। বলেন, ভারতীয় ঋণের ৫০ শতাংশ প্রতিবেশী দেশগুলোর জন্য। "প্রতিবেশীদের বাদ দিয়ে আপনি উন্নতি ও বিকাশের আশা করতে পারেন না;" বলেন হর্ষ বর্ধন শ্রিংলা। তিনি আরো বলেন, কোভিড-১৯ চলাকালে ভ্যাকসিন আদান-প্রদান, পেঁয়াজ রপ্তানিতে সাম্প্রতিক নিষেধাজ্ঞা থেকে অব্যাহতি এবং

বাণিজ্য সুবিধাগুলো থেকে সুফল আসছে। "নেপাল, ভুটান ও বাংলাদেশের সঙ্গে বিদ্যুৎ সহযোগিতার বিকাশ হবে এবং শ্রীলংকায় সমুদ্রের তলদেশ দিয়ে একটি বৈদ্যুতিক ক্যাবল ব্যবস্থা দ্বীপরাষ্ট্রটিতে দীর্ঘমেয়াদি স্থিতিশীলতা নিয়ে আসবে;" তিনি উল্লেখ করেন। মালদ্বীপে 'বয়কট ইন্ডিয়া' প্রচারণা নিয়ে এক প্রশ্নের জবাবে শ্রিংলা বলেন, সম্পর্ক এতই মজবুত যে 'বয়কট ইন্ডিয়া' প্রচারে তাতে ব্যাঘাত ঘটার সুযোগ নেই। পর্যটন, চিকিৎসা সেবা ও শিক্ষা খাতের সম্পৃক্ততার কথা তুলে ধরে হর্ষ বর্ধন শ্রিংলা বলেন, "আমি আপনাদের খুব নিরাপদে বলতে পারি যে, এই দুই দেশের মানুষের মধ্যে অত্যন্ত দৃঢ় সখ্য ও ইতিবাচক দৃষ্টিভঙ্গি রয়েছে।" শ্রিংলা আরো বলেন, জনগণের সঙ্গে জনগণের সম্পর্ক প্রধানমন্ত্রী মোদীর নীতিগুলোর মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ; বিশেষ করে প্রতিবেশীদের ক্ষেত্রে অত্যন্ত বিস্তৃত ও দূরদর্শী নীতি। রাজনীতিতে যোগ দেয়ার বিষয়ে জিজ্ঞাসা করা হলে শ্রিংলা বলেন, তিনি আনুষ্ঠানিকভাবে রাজনীতিতে নেই। তবে প্রধানমন্ত্রী মোদীর নির্দেশনায় দেশের জন্য কাজ করতে পেরে তিনি খুশি। ভারতের ব্যাপক রূপান্তর হয়েছে এবং সাফল্য অর্জন করেছে বলে উল্লেখ করেন তিনি। হর্ষ বর্ধন শ্রিংলা বলেন, ভারত একটি বহুমেরু বিশ্ব চায়; যার অন্যতম মেরু হবে ভারত। মোদীর অধীনে ভারত সমস্ত প্রত্যাশা ছাড়িয়ে গেছে। দেশের ভেতর ও বাইরে উভয় দিক থেকেই প্রতিরোধের মুখোমুখি হলেও এগিয়ে যেতে প্রস্তুত ভারত। ভারত-যুক্তরাষ্ট্র সম্পর্কে উল্লেখযোগ্য সাফল্য রয়েছে বলে উল্লেখ করেন হর্ষবর্ধন শ্রিংলা। তিনি বলেন, "যুক্তরাষ্ট্রের সংস্থাগুলো ভারতে বিপুল পরিমাণ বিনিয়োগ করতে শুরু করেছে। সম্পর্ক এমন পর্যায়ে পৌঁছেছে যে, এতে কোনো প্রভাব পড়বে না।" ইন্দো-প্যাসিফিক ও কোয়াড যুক্তরাষ্ট্রের জন্য খুবই গুরুত্বপূর্ণ এবং এতে সহযোগিতা বাড়বে বলে উল্লেখ করেন তিনি। শ্রিংলা বলেন, এডেন উপসাগর ও সুয়েজ খাল দিয়ে সামুদ্রিক বাণিজ্যের নিরাপত্তা নিশ্চিত করতে ভারত প্রতিশ্রুতিবদ্ধ। তিনি আরো বলেন, সমুদ্রে নিরাপত্তা প্রদানে ভারতের ভূমিকা পশ্চিম ভারত মহাসাগর এবং সম্ভবত পূর্ব ভারত মহাসাগরেও বাড়বে। "বৈশ্বিক নিরাপত্তায় আমাদের আরো জোরালো অংশগ্রহণ দেখাতে হবে। এখন আমরা আরো সক্রিয় হয়েছি। এ প্রচেষ্টা অব্যাহত থাকবে। আমাদের নিশ্চিত করতে হবে যে আমরা এর অংশ;" বলেন হর্ষ বর্ধন শ্রিংলা। তিনি আরো বলেন, "এক্ষেত্রে বৃহত্তর স্থিতিশীলতা দেখা যাবে বলে আমরা আশা করি।" (ভোয়া ওয়েব পেজ : ১৭.০৪.২০২৪ এলিনা)

## বাংলাদেশের জিডিপি প্রবৃদ্ধি হবে ৫ দশমিক ৭ শতাংশ

চলতি ২০২৩-২৪ অর্থবছরের জন্য বাংলাদেশের অর্থনীতির প্রবৃদ্ধির পূর্বাভাস আবার সংশোধন করে, ৫ দশমিক ৭ শতাংশ নির্ধারণ করেছে আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ)। মঙ্গলবার (১৬ই এপ্রিল) প্রকাশিত ওয়ার্ল্ড ইকোনমিক আউটলুকে সংশোধিত এ প্রতিবেদন প্রকাশ করেছে আইএমএফ। আইএমএফের প্রবৃদ্ধির পূর্বাভাসে, ক্রমাগত উচ্চ মূল্যস্ফীতি, বেকারত্ব, নিম্ন রেমিট্যান্স প্রবাহ, শিল্প বিনিয়োগের লক্ষ্যমাত্রা হ্রাস এবং বিভিন্ন বৈশ্বিক ও স্থানীয় চ্যালেঞ্জ তুলে ধরা হয়েছে। দ্বিতীয়বারের মতো বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির পূর্বাভাস কমিয়েছে আইএমএফ। গত বছরের অক্টোবরে, ২০২৩-২৪ অর্থবছরের জন্য প্রবৃদ্ধির পূর্বাভাস সাড়ে ৬ শতাংশ থেকে কমিয়ে ৬ শতাংশ করা হয়েছিলো। অন্যদিকে, এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) রপ্তানির ওপর নির্ভর করে ২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশের জিডিপি ৬ দশমিক ১ শতাংশ প্রবৃদ্ধি অর্জন করবে বলে জানাছিলো। চলতি মাসের শুরুর দিকে বিশ্বব্যাংক জানিয়েছে, উচ্চ মূল্যস্ফীতির কারণে বেসরকারি ভোগ কমে যাওয়ায় নিম্ন প্রবৃদ্ধির মুখোমুখি হবে বাংলাদেশ। বিশ্বব্যাংক আরো বলেছে, ২০২৩-২৪ অর্থবছরে জিডিপি ৫ দশমিক ৬ শতাংশ পর্যন্ত প্রসারিত হবে।এই হার, কোভিড-১৯ মহামারীর আগের দশকের গড় বার্ষিক প্রবৃদ্ধি হার, ৬ দশমিক ৬ শতাংশ থেকে কম। (ভোয়া ওয়েব পেজ : ১৭.০৪.২০২৪ এলিনা)

## ফ্রিডম ইনডেক্সে ১৬৪ দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১৪১তম

স্বাধীনতা সূচকে (ফ্রিডম ইনডেক্স) ১৬৪টি দেশের মধ্যে বাংলাদেশ ১৪১তম অবস্থানে রয়েছে বলে জানিয়েছে ঢাকা অবস্থিত যুক্তরাষ্ট্র দূতাবাস। তথ্য-উপাত্তে দেখা গেছে, ফ্রিডম ইনডেক্সে রাজনৈতিক, অর্থনৈতিক ও আইনি নির্দেশকগুলোতে বাংলাদেশের অবস্থান টানা ২২ বছর ধরে নিম্নমুখী। মঙ্গলবার (১৬ই এপ্রিল) ঢাকার যুক্তরাষ্ট্র দূতাবাসে আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা ইউএসএআইডি এবং দ্য এশিয়া ফাউন্ডেশন যৌথভাবে আটলান্টিক কাউন্সিলের নতুন গ্লোবাল ফ্রিডম অ্যান্ড প্রসপারিটি প্রতিবেদনের ফলাফল নিয়ে, সমৃদ্ধি ও সুশাসন সম্মেলনের আয়োজন করে। সেখানে বাংলাদেশের অবস্থান সম্পর্কে জানানো হয়। সম্মেলনে সরকার, নাগরিক সমাজ, ব্যবসায়ী, দাতা, একাডেমিয়া ও থিংক ট্যাংক এর প্রতিনিধি উপস্থিত ছিলেন। যুক্তরাষ্ট্রভিত্তিক এই থিংক ট্যাংকের তথ্য অনুযায়ী, মৌলিক স্বাধীনতা জোরদার করা গেলে দীর্ঘমেয়াদে অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত হয়। প্রতিবেদনে দুটি পৃথক সূচক রয়েছে; স্বাধীনতা সূচক ও সমৃদ্ধি সূচক। বিশ্বের ১৬৪টি দেশের স্বাধীনতা ও সমৃদ্ধির ধরন অনুযায়ী ক্রম বা অবস্থান নির্ধারণ করা হয়েছে এই প্রতিবেদনে। যুক্তরাষ্ট্র দূতাবাসের বক্তব্যে বলা হয়, স্বাধীনতা সূচকে বাংলাদেশের অবস্থান ১৪১তম। এটি 'অধিকাংশক্ষেত্রে স্বাধীনতাবঞ্চিত' বিভাগের মধ্যে পড়ে। অন্যদিকে, সমৃদ্ধি সূচকে ১৬৪টি দেশের মধ্যে ৯৯তম অবস্থান নিয়ে দেশটি 'অধিকাংশক্ষেত্রে অসমৃদ্ধ' শ্রেণিতে রয়েছে বলে দূতাবাসের বক্তব্যে বলা হয়। অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত পিটার হাস বলেন, "প্রতিটি দেশই দুর্নীতির বিপক্ষে এবং অর্থনৈতিক ও রাজনৈতিক অধিকার সুরক্ষিত করতে লড়াই করছে। সমস্যা এড়িয়ে যাওয়া নয়, সমস্যা সক্রিয়ভাবে স্বীকার করা এবং তা মোকাবেলা করা মূল বিষয়।" অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন আটলান্টিক কাউন্সিলের ফ্রিডম অ্যান্ড প্রসপারিটি সেন্টারের পরিচালক জোসেফ লেমোইন। তিনি প্রতিবেদনটির মূল ফলাফল তুলে ধরেন। প্রতিবেদনে স্বাধীনতা সূচকের মাধ্যমে দেশগুলোর

গণতান্ত্রিক ও শাসনবিষয়ক নির্দেশকগুলো পরিমাপ, ক্রম নির্ধারণ করা এবং সমৃদ্ধি সূচকের মাধ্যমে একটি দেশের অর্থনৈতিক সমৃদ্ধি পরিমাপ করা হয়েছে বলে জানান জোসেফ লেমোইন। লেমোইন বলেন, "যেসব দেশে স্বাধীনতা বেশি রয়েছে, সেসব দেশ সমৃদ্ধির ক্ষেত্রেও উচ্চ স্তরে অবস্থান করে। অন্যদিকে কম স্বাধীনতা পাওয়া দেশগুলো সমৃদ্ধিতেও নিম্নস্তরে অবস্থান করে। শক্তিশালী আইনি ব্যবস্থার পাশাপাশি, রাজনৈতিক ও অর্থনৈতিক স্বাধীনতা প্রচারকারী দেশগুলোর পরিবেশ এমন থাকে, যা বিদেশি বিনিয়োগকারীদের আকৃষ্ট করে। এই দেশগুলো কম স্বাধীনতার দেশগুলোর চেয়ে উল্লেখযোগ্যভাবে বেশি পরিমাণে বিদেশি প্রত্যক্ষ বিনিয়োগ পায়।" স্বাধীনতার প্রতি দৃঢ় প্রতিশ্রুতি, বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করার মূল চাবিকাঠি হিসেবে স্বাধীনতা সূচকে উঠে এসেছে। প্রতিবেদনে বলা হয়, গণতন্ত্রের লড়াই থেকে জন্ম নেয়া বাংলাদেশ ভবিষ্যতের দিকেই বেশি নজর দিচ্ছে। আগামী ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ দেশ গড়ার লক্ষ্যে, রূপকল্প ২০৪১ তুলে ধরেছে বাংলাদেশ। প্রতিবেদনে বলা হয়, সামাজিক অগ্রগতির পাশাপাশি অর্থনৈতিক প্রবৃদ্ধির ওপর জোর দেয়া হয়েছে বাংলাদেশের পরিকল্পনায়। এতে, নাগরিকদের ক্ষমতায়ন এবং তার গণতান্ত্রিক ভিত্তিকে দৃঢ় করার ওপর জোর দেয়া হয়েছে। (ভোয়া ওয়েব পেজ : ১৬.০৪.২০২৪ এলিনা)

## বান্দরবানে কেএনএফ'র আরো ৯ সদস্য গ্রেপ্তার, জানিয়েছে আইএসপিআর

বাংলাদেশের পার্বত্য জেলা বান্দরবানের রুমা উপজেলার দুর্গম এলাকা থেকে, কুকি-চিন ন্যাশনাল ফ্রন্টের (কেএনএফ) আরো ৯ সদস্যকে গ্রেপ্তার করেছে যৌথ বাহিনী। এ সময় তাদের কাছ থেকে ৯টি অস্ত্র উদ্ধার করা হয়। মঙ্গলবার (১৬ই এপ্রিল) আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, বান্দরবানে সাম্প্রতিক ব্যাংক ডাকাতি, অপহরণ ও অপরাধমূলক কর্মকাণ্ডের পর, বাংলাদেশ সেনাবাহিনীর নেতৃত্বে যৌথ অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়েছে। উল্লেখ্য, গত ২রা এপ্রিল বান্দরবানের রুমা উপজেলা শাখার সোনালী ব্যাংকের ম্যানেজার নেজাম উদ্দিনকে অপহরণ করে এবং ওই শাখার ভল্ট থেকে দেড় কোটি টাকা লুটপাটের চেষ্টা চালায় বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠী কেএনএফ। পরদিন (৩রা এপ্রিল) বান্দরবানের থানচি উপজেলায় সোনালী ব্যাংক ও কৃষি ব্যাংকের শাখায় লুটপাট করে তারা। পরে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, নিরাপত্তা বাহিনী ও প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তারা ঘটনাস্থল পরিদর্শন করেন। এই ঘটনার পর, এ পর্যন্ত রুমা ও থানচি থানায় ৮টি মামলা হয়েছে। আর, গত ৭ই এপ্রিল পার্বত্য এলাকায় সেনাবাহিনীর নেতৃত্বে যৌথ অভিযান শুরু হয়। এই অভিযানে এখন পর্যন্ত কেএনএফ-এর প্রধান সমন্বয়কারী চেওসিম বম এবয় আরো অর্ধশতাধিক সদস্যকে গ্রেপ্তার করা হয়। বান্দরবানে নতুন সশস্ত্র সংগঠন কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট (কেএনএফ) ২০২২ সালের এপ্রিলে আনুষ্ঠানিকভাবে আত্মপ্রকাশ করে। কেএনএফের ঘোষণা ও বিভিন্ন সময়ে গণমাধ্যমের উদ্দেশে দেয়া বক্তব্য অনুযায়ী, বান্দরবান ও রাঙ্গামাটি জেলার অন্তত ছয়টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রতিনিধিত্ব করছে তারা। এ সময় তারা ফেসবুকে রাঙামাটির বাঘাইছড়ি, বরকল, জুরাছড়ি ও বিলাইছড়ি এবং বান্দরবানের রোয়াংছড়ি, রুমা, থানচি, লামা ও আলীকদম উপজেলাগুলোর সমন্বয়ে পৃথক রাজ্যের দাবি করে। এদিকে, কেএনএফ পাহাড়ে তাদের আস্তানায় সমতলের নতুন জঙ্গি সংগঠন জামাতুল আনসার ফিল হিন্দাল শারক্বীয়ার সদস্যদের সশস্ত্র প্রশিক্ষণ দিয়েছিল বলে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ইতিপূর্বে গণমাধ্যমকে জানিয়েছিলো। সেই আস্তানায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ২০২৩ সালে অভিযান চালিয়ে জামাতুল আনসার ফিল হিন্দাল শারক্বীয়া ও কেএনএফের বেশ কয়েক সদস্যকে গ্রেপ্তার করে।

উল্লেখ্য, ২০২১ সালের ১০ই ডিসেম্বর মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে র‍্যাবের সাবেক ও বর্তমান সাত কর্মকর্তার ওপর নিষেধাজ্ঞা দেয় যুক্তরাষ্ট্র। দেশটির ট্রেজারি ডিপার্টমেন্ট ও পররাষ্ট্র দপ্তর পৃথকভাবে এই নিষেধাজ্ঞা দেয়। এই কর্মকর্তাদের মধ্যে র‍্যাবের সাবেক মহাপরিচালক ও বাংলাদেশ পুলিশের সাবেক আইজি বেনজীর আহমেদ, র‍্যাবের সাবেক মহাপরিচালক ও বাংলাদেশ পুলিশের বর্তমান আইজি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) খান মোহাম্মদ আজাদ, সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) তোফায়েল মোস্তাফা সরোয়ার, সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) মো. জাহাঙ্গীর আলম ও সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) মো. আনোয়ার লতিফ খানের ওপর নিষেধাজ্ঞা দিয়েছে যুক্তরাষ্ট্রের ট্রেজারি ডিপার্টমেন্ট। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর পৃথক এক ঘোষণায় বেনজীর আহমেদ এবং র‍্যাব ৭–এর সাবেক অধিনায়ক মিফতাহ উদ্দীন আহমেদের ওপর নিষেধাজ্ঞা দিয়েছে। যুক্তরাষ্ট্রের ট্রেজারি বিভাগের প্রকাশিত বিবৃতিতে বলা হয়েছে, বাংলাদেশে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), মাদক দ্রব্যের বিরুদ্ধে সরকারের লড়াইয়ে গুরুতর মানবাধিকার লঙ্ঘনের জন্য অভিযুক্ত। এতে বলা হয়েছে যে, তারা আইনের শাসন, মানবাধিকারের মর্যাদা ও মৌলিক স্বাধীনতা এবং বাংলাদেশের জনগণের অর্থনৈতিক সমৃদ্ধিকে ক্ষুণ্ণ করে। এটি যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা স্বার্থের বিরুদ্ধে হুমকি হয়ে দাঁড়িয়েছে। র‍্যাব হচ্ছে ২০০৪ সালে গঠিত একটি সম্মিলিত টাস্ক ফোর্স। তাদের কাজের মধ্যে রয়েছে অভ্যন্তরীণ নিরাপত্তা নিশ্চিত করা, অপরাধীদের কর্মকাণ্ড সম্পর্কে গোপন তথ্য সংগ্রহ এবং সরকারের নির্দেশে তদন্ত পরিচালনা করা। বিবৃতিতে আরো বলা হয়, বাংলাদেশের বেসরকারি প্রতিষ্ঠানগুলো বা এনজিওদের অভিযোগ হচ্ছে যে, র‍্যাব ও বাংলাদেশের অন্য আইন প্রয়োগকারী সংস্থা, ২০০৯ সাল থেকে ৬০০ ব্যক্তির গুম হয়ে যাওয়া এবং ২০১৮ সাল থেকে বিচার বহির্ভূত হত্যা ও নির্যাতনের জন্য দায়ী। কোনো কোনো প্রতিবেদনে বলা হয়েছে যে, এই সব ঘটনার শিকার হচ্ছে বিরোধী দলের সদস্য, সাংবাদিক ও মানবাধিকার কর্মীরা। (ভোয়া ওয়েব পেজ : ১৬.০৪.২০২৪ এলিনা)

## শ্রম আইন লঙ্ঘন মামলায় ড. ইউনূসের জামিনের মেয়াদ বাড়লো ২৩শে মে পর্যন্ত

শ্রম আইন লঙ্ঘনের দায়ে ছয় মাসের সাজাপ্রাপ্ত নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূসসহ চারজনের জামিনের মেয়াদ বাড়িয়েছে শ্রম আপিল আদালত। এক আবেদনে পর, আদালত আগামী ২৩শে মে পর্যন্ত তাদের জামিন মঞ্জুর করেছে। মঙ্গলবার (১৬ই এপ্রিল) শ্রম আপিল ট্রাইব্যুনালের বিচারক এম এ আউয়াল এ আদেশ দেন। তবে, ইউনূসের আইনজীবী আব্দুল্লাহ আল মামুন স্থায়ী জামিন চেয়ে আবেদন করলে আদালত তা নামঞ্জুর করে। আব্দুল্লাহ আল মামুন বলেন, শ্রম আপিল ট্রাইব্যুনালে বারবার হাজিরা এড়াতে ড. ইউনূস স্থায়ী জামিন চেয়েছিলেন। গত ২৮শে জানুয়ারি শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে দায়ের করা মামলার রায় চ্যালেঞ্জ করে আবেদন করেন আইনজীরা। পরে, ড. মুহাম্মদ ইউনূসসহ চারজনকে জামিন দেয় শ্রম আপিল ট্রাইব্যুনাল। একইসঙ্গে আপিল শুনানির জন্য গ্রহণ করে আদালত। সেদিন শ্রম আদালতের দেয়া সাজা স্থগিত করে শ্রম আপিল ট্রাইব্যুনাল; জানান আইনজীবী আব্দুল্লাহ আল মামুন। এর আগে শ্রম আইন লঙ্ঘনের মামলায় গত ১লা জানুয়ারি ছয় মাসের সাজা হয় ড. মুহাম্মদ ইউনূসসহ চারজনের। রায় প্রদানকারী বিচারক শেখ মেরিনা সুলতানার সই করার পর, ৮৪ পৃষ্ঠার এ রায় প্রকাশ করা হয়। এ বছরের ১লা জানুয়ারি ড. মুহাম্মদ ইউনূসসহ চারজনের বিরুদ্ধে শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে একটি ধারায় ছয় মাসের কারাদণ্ড ও পাঁচ হাজার টাকা জরিমানা করে রায় দেয় ঢাকার একটি শ্রম আদালত। আরেকটি ধারায়, তাদের ২৫ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরো ১৫ দিনের কারাদণ্ড দেয়া হয়। শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে গ্রামীণ টেলিকমের চেয়ারম্যান মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে ২০২১ সালের ৯ই সেপ্টেম্বর এই মামলা দায়ের করেছিল কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। দণ্ডাদেশ ঘোষণার পর, ড. ইউনূসের আইনজীবীরা জামিন আবেদন করেন। আদালত আবেদন মঞ্জুর করলে কারাগারে যেতে হয়নি ড. ইউনূসকে। রায়ের পর প্রতিক্রিয়ায় আদালতে সাংবাদিকদের ড. ইউনূস বলেছিলেন, "যে অপরাধ করিনি, সেই অপরাধর জন্য শাস্তি পেলাম।" শ্রম আদালতের দেয়া ৬ মাসের কারাদণ্ডের রায় চ্যালেঞ্জ করে, ২৮শে জানুয়ারি (রবিবার) শ্রম আপিল ট্রাইব্যুনালে আবেদন করেন ড. মুহাম্মদ ইউনূস। এই মামলা ছাড়াও, ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে। মামলাকে হয়রানিমূলক বলে উল্লেখ করেন ড. ইউনূসের পক্ষের আইনজীবীরা।

গ্রামীণ টেলিকমের শ্রমিক-কর্মচারীদের কল্যাণ তহবিলের টাকা আত্মসাতের অভিযোগে, বাংলাদেশের দুর্নীতি দমন কমিশন-দুদকের করা মামলায়, ড. মুহাম্মদ ইউনূসসহ ১৪ জনের বিরুদ্ধে দেয়া অভিযোগপত্র গ্রহণ করেছে আদালত। মঙ্গলবার (২রা এপ্রিল) ঢাকা মহানগর সিনিয়র স্পেশাল জজ আসসামছ জগলুল হোসেনের আদালত এ অভিযোগপত্র গ্রহণ করে। সেই সঙ্গে পরবর্তী বিচার কার্যক্রমের জন্য ঢাকার বিশেষ জজ আদালত- ৪ এ মামলাটি বদলির আদেশ দেন। আগামী ২রা মে মামলার পরবর্তী তারিখ ধার্য করেছেন আদালত। মামলার অন্য অভিযুক্ত ব্যক্তিরা হলেন; গ্রামীণ টেলিকমের ব্যবস্থাপনা পরিচালক মো. নাজমুল ইসলাম, পরিচালক ও সাবেক ব্যবস্থাপনা পরিচালক মো. আশরাফুল হাসান, পরিচালক পারভীন মাহমুদ, নাজনীন সুলতানা, মো. শাহজাহান, নূরজাহান বেগম, এস এম হুজ্জাতুল ইসলাম লতিফী। এই মামলায় আরো যারা অভিযুক্ত, তারা হলেন; আইনজীবী মো. ইউসুফ আলী, জাফরুল হাসান শরীফ, গ্রামীণ টেলিকম শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি মো. কামরুজ্জামান, সাধারণ সম্পাদক ফিরোজ মাহমুদ হাসান, ইউনিয়নের প্রতিনিধি মো. মাইনুল ইসলাম ও দপ্তর সম্পাদক মো. কামরুল হাসান। মামলার শুনানিকালে ড. মুহাম্মদ ইউনূস আদালতে উপস্থিত ছিলেন। এর আগে, গত ৩রা মার্চ এ মামলায় আত্মসমর্পণ করে জামিন পান ড. মুহাম্মদ ইউনূস। গত ১লা ফেব্রুয়ারি অর্থ আত্মসাত মামলায় ড. ইউনূসসহ ১৪ জনের বিরুদ্ধে আদালতে অভিযোগপত্র দাখিল করেন মামলার তদন্ত কর্মকর্তা দুদকের উপপরিচালক গুলশান আনোয়ার প্রধান। উল্লেখ্য, গ্রামীণ টেলিকমের শ্রমিক-কর্মচারীদের কল্যাণ তহবিলের ২৫ কোটি ২২ লাখ ৬ হাজার ৭৮০ টাকা আত্মসাতের অভিযোগে, গত বছরের ৩০শে মে দুদকের উপপরিচালক গুলশান আনোয়ার প্রধান বাদী হয়ে এ মামলা করেন। বাংলাদেশের আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক জানিয়েছেন, নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে সরকার মিথ্যা মামলা দিয়ে হয়রানি করছে না। ১লা ফেব্রুয়ারি (বৃহস্পতিবার) সচিবালয়ে সমসাময়িক বিষয় নিয়ে সংবাদ সম্মেলনে তিনি এ কথা জানান। আনিসুল হক বলেন, "ড. মুহাম্মদ ইউনূসকে হয়রানি করার জন্য সরকার কিছু করছে না। তার বিরুদ্ধে কোনো মিথ্যা মামলা দিয়ে হয়রানি করছে না। যে মামলা হয়েছে, সেটা শ্রমিকরা করেছিল। তারপর শ্রমিকদের অধিকার সুরক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত অধিদপ্তর তার বিরুদ্ধে একটা মামলা করেছে। আমি কেবল বলব, দেশ আমাদের সবার। নির্বাহী, আইনসভা কিংবা বিচার বিভাগ সব বিষয়ে দেশের অর্জনই দেশের মানুষের।" আনিসুল হক আরো বলেন, "অকাট্য প্রমাণ থাকার পরও বিদেশে ছড়ানো হচ্ছে; তার (ড. ইউনূস) বিরুদ্ধে সব অভিযোগ মিথ্যা। আরো বলা হচ্ছে, আমরা তাকে হয়রানির জন্য এটা করছি।" এ ছাড়া, সম্প্রতি পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বলেছেন, ড. ইউনূসের বিরুদ্ধে মামলার বিচার অত্যন্ত স্বচ্ছতার সঙ্গে চলছে। তিনি বলেন, "বাংলাদেশের বিচার বিভাগ অত্যন্ত স্বচ্ছ। অত্যন্ত স্বচ্ছভাবে অধ্যাপক ইউনূসের বিরুদ্ধে বিচার চলছে।" তিনি আরও বলেন, "তার জামিন পাওয়ার বিষয়টিই প্রমাণ করে বিচার অত্যন্ত স্বচ্ছভাবে চলছে।" হাছান মাহমুদ বলেন, ড. ইউনূসের সংগঠনের বঞ্চিত কর্মীরা তার বিরুদ্ধে মামলাগুলো দায়ের করেছে, সরকার এতে কোনো পক্ষ নয়। (ভোয়া ওয়েব পেজ : ১৬.০৪.২০২৪ এলিনা)

## বাংলাদেশের ফরিদপুরে সড়ক দুর্ঘটনায় একই পরিবারের ৫ জনসহ নিহত ১৩ জন

বাংলাদেশের ফরিদপুরে যাত্রীবাহী বাস ও পিকআপ ভ্যানের মুখোমুখি সংঘর্ষে একই পরিবারের ৫ জনসহ নিহত হয়েছেন ১৩ জন। এ ঘটনায় আহত হয়েছেন কমপক্ষে ১৫ জন। নিহতরা সবাই পিকআপের যাত্রী। আহতদের ফরিদপুর বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ (বিএসএমএমসি) হাসপাতালে ভর্তি করা হয়েছে। মঙ্গলবার (১৬ই এপ্রিল) সকাল পৌনে ৮টার দিকে ঢাকা-খুলনা মহাসড়কে, ফরিদপুর সদরের কানাইপুরের তেঁতুলতলা এলাকায় এই দুর্ঘটনা ঘটে। খরব পেয়ে স্থানীয় বাসিন্দাদের সঙ্গে নিয়ে ফায়ার সার্ভিস, হাইওয়ে পুলিশ ও জেলা পুলিশের সদস্যরা উদ্ধার কাজ শুরু করে। ঢাকা থেকে মাগুরাগামী ইউনিক পরিবহনের সঙ্গে ফরিদপুরের আলফাডাঙ্গা থেকে আসা একটি পিকআপ ভ্যানের মুখোমুখি সংঘর্ষ হয়। এ সময় ঘটনাস্থলেই পিকআপ ভ্যানের চালকসহ ১১ জন নিহত হন। পরে আহতদের উদ্ধার করে ফরিদপুর বঙ্গবন্ধু মেডিকেল কলেজ হাসপাতালে নেয়া হলে, সেখানে আরো ২ জনের মৃত্যু হয়। ঘটনাস্থল ও হাসপাতাল পরিদর্শন করেছেন ফরিদপুরের জেলা প্রশাসক মো. কামরুল আহসান তালুকদার ও পুলিশ সুপার (এসপি) মোহাম্মদ মোর্শেদ আলম। নিহত প্রত্যেকের পরিবারকে ৫ লাখ টাকা ও আহতদের প্রত্যেককে ৩ লাখ টাকা দেয়ার ঘোষণা দেন জেলা প্রশাসক। ফরিদপুরের জেলা প্রশাসক কামরুল আহসান তালুকদার বলেন, “খবর পেয়েই আমরা ছুটে এসেছি। নিহতদের প্রত্যেকের পরিবারের সদস্যদের জন্য ৫ লাখ এবং আহতদের পরিবারের জন্য ৩ লাখ টাকা দেয়ার সিদ্ধান্ত হয়েছে।” এসপি মোহাম্মদ মোর্শেদ আলম বলেন, “সড়কে চলাচলে আরো সচেতন হতে হবে। তা না হলে থামবে না মৃত্যুর মিছিল। শুধু যাত্রীদের নয়, মালিক ও শ্রমিকদের বড় ভূমিকা রাখতে হবে।” একই পরিবারের নিহত ৫ জন হলেন; ফরিদপুরের বোয়ালমারীর বেজিডাঙ্গা গ্রামের রফিক মোল্লা (৩৫), তার স্ত্রী সুমি বেগম (২৩), ২ ছেলে রুহান মোল্লা (৬) ও হাবিব মোল্লা (৩) এবং রফিকের মা। রফিক ঢাকায় একটি সরকারি অফিসে লিফটম্যান হিসেবে কর্মরত ছিলেন। ঈদের ছুটি শেষ করে তিনি মা, স্ত্রী ও ২ ছেলেকে নিয়ে পিকআপ ভ্যানে করে ঢাকায় ফিরছিলেন। বাকি নিহত ব্যক্তিদের পরিচয় পাওয়া যায়নি। নিহতের স্বজনরা জানান, বাসে সিট না পেয়ে পিকআপ ভ্যান ভাড়া করে সবাই বাড়ি থেকে সকালে বের হয়ে ফরিদপুরের উদ্দেশে রওনা হন। প্রত্যক্ষদর্শী কানাইপুরের দিগনগর গ্রামের বাসিন্দা সাহানা বেগম বলেন, ঘটনাস্থলে আসার পর বাসটির একটি চাকা রাস্তার গর্তে পড়ে যায়। গাড়িটি আড়াআড়িভাবে সড়কের ওপর দাঁড়িয়ে যায়। এ সময় পিকআপ ভ্যানটি বাসটির মাঝামাঝিতে এসে আঘাত করলে এই দুর্ঘটনা ঘটে। ফরিদপুর কোতোয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হাসানুজ্জামান জানান, মরদেহগুলোর সুরতহালের পর পরিচয় শনাক্ত করে পরিবারের কাছে হস্তান্তর করা হবে। ফরিদপুরে সড়ক দুর্ঘটনায় ১৩ জন নিহত হওয়ার ঘটনা তদন্তে ৫ সদস্যের কমিটি গঠন করা হয়েছে। জেলা প্রশাসক কামরুল আহসান তালুকদার জানান, দুর্ঘটনার কারণ অনুসন্ধানে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে ৫ সদস্যের এই কমিটি গঠন করা হয়েছে। আগামী তিন দিনের মধ্যে কমিটিকে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে বলে জানান জেলা প্রশাসক কামরুল আহসান তালুকদার। মঙ্গলবার (১৬ই এপ্রিল) ফরিদপুরে ঢাকা-খুলনা মহাসড়কে দুর্ঘটনায় ১৩ জন নিহতের ঘটনার দায় পুলিশ, বিআরটিএসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এড়াতে পারে না বলে মন্তব্য করেছে নৌ, সড়ক ও রেলপথ রক্ষা জাতীয় কমিটি। কর্তৃপক্ষের অবহেলার নিন্দা জানিয়ে জাতীয় কমিটি বলেছে, ট্রাক, পিকআপ ভ্যান ও বাসে অতিরিক্ত যাত্রী পরিবহন নিষিদ্ধ থাকলেও, দুর্ঘটনার শিকার গাড়িটি ২৫-৩০ জন যাত্রী নিয়ে ফরিদপুরের বোয়ালমারী থেকে ঢাকার দিকে যাচ্ছিল। নিহতদের পরিবারকে যথাযথ ক্ষতিপূরণ ও দুর্ঘটনায় আহতদের উন্নত চিকিৎসা এবং চিকিৎসা শেষে পুনর্বাসনের দাবি জানিয়েছে জাতীয় কমিটি। (ভোয়া ওয়েব পেজ : ১৬.০৪.২০২৪ এলিনা)

## জলবায়ু অভিযোজন পরিকল্পনায় জনস্বাস্থ্যকে যুক্ত করা হবে : সাবের হোসনে চৌধুরী

বাংলাদেশের জলবায়ু অভিযোজন পরিকল্পনায় জনস্বাস্থ্যকে যুক্ত করা হবে বলে জানিয়েছেন দেশটির পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী সাবের হোসেন চৌধুরী। মঙ্গলবার (১৬ই এপ্রিল) সচিবালয়ে, ঢাকায় অবস্থিত সুইডেন দূতাবাসের জলবায়ু, স্বাস্থ্য ও পরিবেশ গ্রুপের চেয়ারম্যান এবং ফার্স্ট সেক্রেটারি ডা. ড্যানিয়েল নোভাকের সঙ্গে বৈঠকে এ কথা বলেন তিনি। সাবের হোসেন চৌধুরী বলেন, জলবায়ু পরিবর্তনের অভিঘাতে, বন্যা, ঘূর্ণিঝড়, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি এবং লবণাক্ততা বেড়ে যাওয়ার মতো সংকট দেখা দিচ্ছে। এসব সংকট মোকাবেলায় গুরুত্ব দেয়া হচ্ছে। এর সঙ্গে এখন থেকে জনস্বাস্থ্যের বিষয়টি যুক্ত করা হবে। “আমাদের জাতীয় অভিযোজন পরিকল্পনা (এনএপি) চূড়ান্ত করা হয়েছে ২০২২ সালে। জলবায়ু পরিবর্তন ও স্বাস্থ্যের মধ্যে একটা জোরালো সম্পর্ক আছে। আমরা যখন এনএপি চূড়ান্ত করি, তখন স্বাস্থ্যের ক্ষেত্রে কয়েকটি রেফারেন্স ছিলো। তবে সুনির্দিষ্টভাবে, ১১৩টি এজেন্ডার মধ্যে স্বাস্থ্য নিয়ে আমরা কোনো কাজ করিনি;” যোগ করেন সাবের হোসেন চৌধুরী। তিনি আরো বলেন, এনএপিতে স্বাস্থ্যের বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে। বিভিন্ন জরিপ থেকে প্রাপ্ত তথ্য থেকে জানা যাচ্ছে, উপকূলীয় এলাকার নারীদের ওপর নেতিবাচক প্রভাব আছে। এটা জনস্বাস্থ্যের অন্যতম প্রধান বিষয়। “উপকূলীয় এলাকায় এমনিতেই অনেক চ্যালেঞ্জ আছে। সেখানে লবণাক্ততা, সুপেয় পানির সংকট আছে, তার উপর স্বাস্থ্যের বিষয়টি যুক্ত হয়েছে;” বলেন বাংলাদেশের পরিবেশমন্ত্রী। তিনি উল্লেখ করেন যে, স্বাস্থ্যের বিষয়টি পরিবেশের সঙ্গে সরাসরি জড়িত না হলেও, জনস্বাস্থ্যের সঙ্গে পরিবেশের সম্পর্ক রয়েছে। “আমাদের পক্ষে নতুন করে এনএপি তৈরি করা সম্ভব নয়, প্রয়োজনও নেই। তবে বর্তমান ম্যাপের মধ্যে যে কাঠামো আছে এবং আমাদের যে ১১৩টি এজেন্ডা রয়েছে; সেখানে স্বাস্থ্যকে যুক্ত করতে চাই;” তিনি আরো

বলেন। ঢাকায় অবস্থিত সুইডিশ দূতাবাস অনেকদিন ধরে এ বিষয়ে কাজ করছে বলে জানান সাবের হোসেন চৌধুরী। তিনি আরো জানান যে তারা আগেও এ বিষয়ে তাদের কিছু সুপারিশ করেছে। "কীভাবে বিষয়টি নিয়ে আমরা সামনের দিকে যেতে পারি, তা নিয়ে আজ (১৬ই এপ্রিল) তাদের সঙ্গে কথা বলেছি; জানান তিনি। "সুইডেনের সঙ্গে আমাদের যে উন্নয়ন সম্পর্ক আছে, এই ক্ষেত্র ধরে সেটা আরো জোরদার করতে চাই;" বলেন বাংলাদেশের পরিবেশমন্ত্রী সাবের হোসেন চৌধুরী। (ভোয়া ওয়েব পেজ : ১৬.০৪.২০২৪ এলিনা)

## অনিবন্ধিত নিউজ পোর্টালের বিরুদ্ধে পদক্ষেপ নেয়া হবে : প্রতিমন্ত্রী আরাফাত

অনিবন্ধিত ও অবৈধ অনলাইন সংবাদ প্রতিষ্ঠানের বিরুদ্ধে পদক্ষেপ নেয়া হবে বলে জানিয়েছেন বাংলাদেশের তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত। মঙ্গলবার (১৬ই এপ্রিল) মন্ত্রণালয়ের সভাকক্ষে 'অনলাইন নিউজ পোর্টাল অ্যাসোসিয়েশন বাংলাদেশের (ওনাব) প্রতিনিধিদের সঙ্গে মত বিনিময়কালে এ কথা বলেন তিনি। প্রতিমন্ত্রী আরাফাত উল্লেখ করেন যে, নিবন্ধন প্রক্রিয়ার বাইরেও অনেকে অনলাইন সংবাদমাধ্যম পরিচালনা করছেন। "এখানে গণমাধ্যম এতটাই মুক্ত, উন্মুক্ত ও স্বাধীন যে, নিবন্ধন ছাড়াও চলতে পারে। আর, নজরদারি ও নিয়ন্ত্রণের কথা পেশাগত সাংবাদিকরাই বলছেন, এটা করা দরকার;" তিনি আরো বলেন। তথ্য প্রতিমন্ত্রী বলেন, এই পরিস্থিতি প্রমাণ করে, শেখ হাসিনার সরকার সংবাদমাধ্যমের পূর্ণাঙ্গ স্বাধীনতায় বিশ্বাস করে। "তবে, স্বাধীনতা সীমাহীন পর্যায়ে চলে গেছে। যে কারণে কিছুটা ডিসিপ্লিনের অভাব হয়ে পড়েছে;" তিনি যোগ করেন। তিনি আরো বলেন, সরকার মুক্ত গণমাধ্যম ও স্বাধীন সাংবাদিকতায় বিশ্বাস করে। যারা নিবন্ধিত, তাদের কিছুটা প্রণোদনা ও সহায়তা দেয়ার দরকার আছে বলে উল্লেখ করেন তিনি। বলেন, "দায়িত্বশীল সাংবাদিকতাকে প্রমোট করার জন্য এই প্রণোদনা দরকার।" অনিবন্ধিত অনলাইন পোর্টালগুলোর মাধ্যমে অনেক চটকদার, অসত্য, মানহানিকর ও ডিসইনফরমেশন ক্যাম্পেইন হয় বলে উল্লেখ করেন তথ্য প্রতিমন্ত্রী। তিনি আরো বলেন, এটা একটা ভালো দিক যে, সাংবাদিক মহলই চাচ্ছেন শৃঙ্খলাযুক্ত সাংবাদিকতার বিকাশ হোক। "এখানে পূর্ণাঙ্গভাবে আপনাদের সঙ্গে আমি একমত;" বলেন প্রতিমন্ত্রী আরাফাত। তথ্য প্রতিমন্ত্রী জানান, বাংলাদেশে এখন ৪২৬টি নিবন্ধিত গণমাধ্যম আছে। এরমধ্যে, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া হলো ২১৩টি। আর, ২১৩টি শুধু অনলাইন নিউজ পোর্টাল। আরো কয়েকটি প্রক্রিয়াধীন আছে বলে জানান তিনি।
(ভোয়া ওয়েব পেজ : ১৬.০৪.২০২৪ এলিনা)

## বিস্ফোরক দ্রব্য আইনে বিএনপির ৯ নেতা-কর্মী কারাগারে

বাংলাদেশের নওগাঁ জেলার আত্রাই উপজেলায়, বিস্ফোরক দ্রব্য আইনে দায়ের করা মামলায় বিএনপি ও এর সহযোগী সংগঠনের ৯ নেতা-কর্মীকে কারাগারে পাঠিয়েছে জেলা আদালত। তারা সবাই হাইকোর্ট থেকে ৮ সপ্তাহের আগাম জামিন নিয়ে ছিলেন। সোমবার (১৫ই এপ্রিল) দুপুরে আদালতে হাজির হয়ে আবার জামিন চাইলে তা নামঞ্জুর করে, তাদের কারাগারে পাঠানোর নির্দেশ দেন নওগাঁর জেলা ও দায়রা জজ আদালতের বিচারক আবু শামীম আজাদ। অভিযুক্ত ব্যক্তিদের আইনজীবী শেখ মোহাম্মদ আবু মাসুম বলেন, "আদালত তাদের সবাইকে কারাগারে পাঠিয়েছে। আমরা আবার জামিন চাইব।" কারাগারে পাঠানো বিএনপির নেতা-কর্মীরা হলেন; আত্রাই উপজেলা বিএনপি নেতা আব্দুল আওয়াল, রায়হান, ওহাব, লাবু, পারভেজ ও আয়নুল; উপজেলা কৃষক দলের আহবায়ক মো. আসাদুজ্জামান, পাঁচুপুর ইউনিয়ন বিএনপির সভাপতি নিয়ামত আলী বাবু এবং আত্রাই উপজেলা ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক পলাশ। আদালত সূত্রে জানা গেছে, গত বছরের ২রা নভেম্বর আত্রাই উপজেলায় আওয়ামী লীগের নেতা-কর্মীরা শান্তি মিছিলের আয়োজন করে। সন্ধ্যা ৬টার দিকে মিছিলটি আমতলী সিএনজি স্ট্যান্ডে পৌঁছালে, মিছিলে হামলা হয় এবং ককটেল বিস্ফোরণ ঘটে। ওই দিকে আত্রাই উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো. আক্কাস আলী প্রামাণিক বাদী হয়ে, বিএনপি ও এর সহযোগী সংগঠনের ১২ নেতা-কর্মীর নাম উল্লেখ-সহ অজ্ঞাত পরিচয়ে আরো ৪০-৫০ জনের বিরুদ্ধে বিস্ফোরক দ্রব্য আইনে মামলা দায়ের করেন। এ মামলায় অভিযুক্ত এই ৯ জন, গত ২৮শে ফেব্রুয়ারি হাইকোর্ট থেকে ৮ সপ্তাহের আগাম জামিন পান। জামিনের মেয়াদ শেষে, সোমবার (১৫ই এপ্রিল) নওগাঁর জেলা ও দায়রা জজ আদালতে হাজির হয়ে আবার জামিনের আবেদন করেন। উভয় পক্ষের শুনানি শেষে, অভিযুক্ত ৯ জনের জামিন আবেদন নামঞ্জুর করে, তাদের কারাগারে পাঠানোর নির্দেশ দেয় আদালত।
(ভোয়া ওয়েব পেজ : ১৬.০৪.২০২৪ এলিনা)

# রেডিও তেহরান

## মিয়ানমারের আরও ১২ সেনা পালিয়ে এলো বাংলাদেশে

মিয়ানমার থেকে প্রাণভয়ে আবারও পালিয়ে এসেছে দেশটির ১২ সরকারি সেনা সদস্য। বাংলাদেশের পার্বত্য জেলা বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার সদর ইউনিয়নের আষাঢ়তলী-জামছড়ি ও ঘুমধুম ইউনিয়নের রেজু সীমান্তপথে নতুন করে আশ্রয় নিয়েছেন মিয়ানমার সেনাবাহিনীর আরও ১২ সদস্য। আজ (মঙ্গলবার) সকালে মিয়ানমারের ১২ সেনা সদস্য সীমারেখা অতিক্রম করে প্রাণের ভয়ে বাংলাদেশে আশ্রয় গ্রহণ করেন। পরে তাদের নিরস্ত্র করে বিজিবির হেফাজতে নেওয়া হয়। আইনশৃঙ্খলা বাহিনী ও স্থানীয়রা জানান, মিয়ানমারের অভ্যন্তরে সরকারি বাহিনীর সঙ্গে

আরাকান আর্মি (এএ) বিদ্রোহীদের মধ্যে দীর্ঘদিন ধরে চলা সংঘাতে  বিদ্রোহীদের কাছে টিকতে না পেরে মিয়ানমারের সরকারি বাহিনীর সদস্যরা জীবন বাঁচাতে পালিয়ে বাংলাদেশে আশ্রয় নিচ্ছেন।
(রেডিও তেহরান: ২০৩০ ঘ. ১৬.০৪.২০২৪ রুবাইয়া)

## এনএইচকে

### জাপানের মিইয়াযাকি শহরে বাংলাদেশ থেকে পাঁচজন আইটি প্রকৌশলী এসেছেন

মিইয়াযাকি শহর এবং মিইয়াযাকি বিশ্ববিদ্যালয়ের একটি প্রকল্পের অংশ হিসেবে এই বছর পাঁচ জন আইটি প্রকৌশলী জাপানে এসেছেন। এ উপলক্ষ্যে ১৬ই এপ্রিল মিইয়াযাকি শহরে একটি স্বাগত অনুষ্ঠানের আয়োজন করা হয়। ২৩ থেকে ২৭ বছর বয়সী পাঁচ জন আইটি প্রকৌশলী বাংলাদেশ থেকে জাপানে আসেন এবং মিইয়াযাকি শহর কার্যালয়ে আয়োজিত একটি স্বাগত অনুষ্ঠানে যোগ দেন। অনুষ্ঠানে উপস্থিত শহরের মেয়র কিয়োইয়ামা তোমোনোরি উৎসাহ প্রদান করে বলেন, "আমি নিশ্চিত যে আপনি আপনার নতুন জীবনধারার কারণে অনেক কষ্টের সম্মুখীন হবেন, তবে আমরা আপনাকে সমর্থন করার জন্য আমাদের যথাসাধ্য চেষ্টা করব, তাই অনুগ্রহ করে আপনার যথাসাধ্য চেষ্টা করুন।" মিইয়াযাকি শহর গত সাত বছর ধরে মিইয়াযাকি বিশ্ববিদ্যালয় ও জাইকা (জাপান আন্তর্জাতিক সহযোগিতা এজেন্সি) এবং অন্যান্যদের সাথে "বি-জেট" নামক একটি প্রকল্পে কাজ করছে। এই প্রকল্পের আওতায়, জাপানে কাজ করতে ইচ্ছুক বাংলাদেশি আইটি প্রকৌশলীরা জাপানে আসার আগে প্রায় পাঁচ মাস স্থানীয়ভাবে জাপানি ভাষা শিখে থাকেন। এরপর, কর্মজীবনে প্রবেশ করার আগে আরও তিন মাস মিইয়াযাকি বিশ্ববিদ্যালয়ের একটি ছাত্রাবাসে অবস্থানকালীন শহরের কোম্পানিতে কাজ করার পাশাপাশি জাপানি রীতিনীতি সম্পর্কে অভিজ্ঞতা লাভ করেন। শহর কর্তৃপক্ষের তথ্যানুযায়ী, এই প্রকল্পের আওতায় গত বছর শহরটির বিভিন্ন কোম্পানিতে মোট ৫৩ জন চাকরি পেয়েছেন। বাংলাদেশ রাষ্ট্রীয়ভাবে ডিজিটাল প্রযুক্তিকে উৎসাহিত করছে, এবং দেশটিতে প্রচুর আইটি প্রতিভা থাকা সত্ত্বেও সুযোগের অপ্রতুলতা রয়েছে। অন্যদিকে মিইয়াযাকি শহরে আইটি প্রতিভার ঘাটতি রয়েছে। ফলে উভয়ের পারস্পরিক স্বার্থ একইদিকে কাজ করে। ২৫ বছর বয়সী আগত আইটি প্রকৌশলীদের একজন বলেন, "আমি জাপানে বিভিন্ন প্রযুক্তি শিখতে চাই এবং একজন ভালো সফটওয়্যার প্রকৌশলী হতে চাই।"
(এনএইচকে ওয়েব পেজ : ১৬.০৪.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

### ফেসবুকে আবার বিভ্রাট

জনপ্রিয় সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে আবারও ত্রুটি দেখা গেছে। মঙ্গলবার ভোর থেকে ফেসবুকের কোনো প্রোফাইলের টাইমলাইন ঠিকমতো খুলছিল না। তবে ঘণ্টা কয়েকের মধ্যে বিষয়টি সমাধান করেছে মেটা কর্তৃপক্ষ। মঙ্গলবার সকাল থেকে কারো প্রোফাইলের টাইমলাইন দেখতে পাচ্ছিলেন না ব্যবহারকারীরা। বন্ধু তালিকায় থাকা কোনো বন্ধুর টাইমলাইনে যাওয়ার চেষ্টা করা হলে, ফেসবুক থেকে বলা হচ্ছিল, ‘নো পোস্ট অ্যাভেইলঅ্যাবল'। অর্থাৎ ওই ব্যবহারকারী টাইম লাইনে দেখানোর মতো কিছুই নেই। তাই অনেকের মধ্যে শঙ্কা জেগেছিল, এতোদিন ধরে ফেসবুকে দিয়ে আসা সব পোস্ট মুছে গেল কি না তা নিয়ে।

বাংলাদেশ কিংবা জার্মানির ব্যবহারকারীরা শুধু নয়, এদিন সকাল থেকেই বিশ্বের বিভিন্ন প্রান্তের ফেসবুক ব্যবহারকারীরা এই সংকটে পড়েছিলেন। তবে, কেন এই সমস্যা দেখা দিয়েছে, তা নিয়ে মেটা কর্তৃপক্ষ বা ফেসবুকের আনুষ্ঠানিক কোনো বক্তব্য পাওয়া যায়নি। ফেসবুকের প্রতিষ্ঠাতা মার্ক জুকারবার্গের ব্যক্তিগত প্রোফাইল কিংবা ফেসবুকের ভ্যারিফায়েড প্রোফাইল থেকে এ বিষয়ক কোনো পোস্ট করা হয়নি। তবে বাংলাদেশ সময় দুপুর ১টার পর ফেসবুক আবারো স্বাভাবিক অবস্থায় ফিরতে শুরু করেছে। বন্ধু তালিকায় থাকা ফেসবুক বন্ধুদের টাইমলাইনে থাকা পোস্টগুলোও দেখা যাচ্ছে।

প্রযুক্তি বিষয়ক ওয়েবসাইটগুলো দাবি করেছে, মাঝে মধ্যেই ফেসবুকে নানা ধরনের ত্রুটি সামনে আসছে। তবে সেই ত্রুটি সারিয়ে কয়েক ঘণ্টার ব্যবধানে ফেসবকু আবারো সচল হয় বলেও দাবি করেছে তারা। এ বছরের ৫ই মার্চেও ফেসবুক ব্যবহারকারীরা বিড়ম্বনার মুখে পড়েছিলেন। ওইদিন হঠাৎ করেই ব্যবহারকারীদের আইডি স্বয়ংক্রিয়ভাবে লগআউট হয়ে যায়। কিন্তু পুনরায় পাসওয়ার্ড দিয়ে লগইন করার চেষ্টা করা হলেও শুরুতে তা সম্ভব হচ্ছিল না। নিজের আইডি হ্যাকারের কবলে পড়ল কি না, তা নিয়ে উদ্বেগ-উৎকণ্ঠায় পড়েন অনেক ব্যবহারকারী। সেদিনও কয়েক ঘণ্টার মধ্যে ত্রুটি সারিয়ে স্বাভাবিক হয়েছিল জনপ্রিয় এই সামাজিক যোগাযোগমাধ্যমটি। পরে অবশ্য ফেসবুকের পক্ষ থেকেও এজন্য ব্যবহারকারীদের কাছে দুঃখ প্রকাশ করা হয়েছিল। বিভিন্ন প্রতিবেদন থেকে জানা গেছে, এ বছর ফেসবুক ও ইনস্টাগ্রামে নানা কারণে প্রায় ৩৩ বার ত্রুটি বা সাময়িক বিভ্রাটের মুখে পড়েছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ : ১৬.০৪.২০২৪ নারগীস)

### আওয়ামী লীগ বনাম আওয়ামী লীগ দোটানায় জামায়াত-বিএনপি

প্রথম ধাপে ১৫০টি উপজেলায় ভোট আগামী ৮ই মে। মনোনয়নপত্র দাখিলের শেষ দিন সোমবার প্রতিটি উপেজেলায় চেয়ারম্যানসহ তিনটি পদে মোট এক হাজার ৮৯১ জন মনোনয়ন পত্র জমা দিয়েছেন। তার মধ্যে চেয়ারম্যান পদে

৬৯৬, ভাইস চেয়ারম্যান পদে ৭২৪ এবং নারী ভাইস চেয়ারম্যান পদে ৪৭১ জন প্রার্থী হয়েছেন। এবারের নির্বাচনে কোনো দলীয় প্রতীক থাকছে না। বিএনপি এই নির্বাচন দলীয়ভাবে বর্জন করছে। জামায়াতও অংশ নেবে না। তারপরও ১৫০ উপজেলার মধ্যে ৩৫টি উপজেলায় চেয়ারম্যান পদে বিএনপির প্রার্থীরা মনোনয়নপত্র জমা দিয়েছেন। আর জামায়াতের ২৫ জন মনোনয়নপত্র জমা দিয়েছেন। তারপরও নির্বাচন আওয়ামী লীগ বনাম আওয়ামী লীগই হচ্ছে। অধিকাংশ আসনে চেয়ারম্যান পদে আওয়ামী লীগের তিন-চারজন করে প্রার্থী আছেন।

আওয়ামী লীগ উপজেলা নির্বাচনে দলীয় প্রতীক এবং মনোনয়ন দেয়া থেকে বিরত থাকলেও স্থানীয় পর্যায়ে সংসদ সদস্য ও প্রভাবশালী নেতারা তাদের সমর্থিত প্রার্থী ঘোষণা করছেন। যা নিয়ে তৃণমূলে এরইমধ্যে বিভেদ ও গ্রুপিং তৈরি হয়েছে। এই গ্রুপিং সংঘাতে রুপ নিতে পারে। এবার যেন সবাই উপজেলা চেয়ারম্যান হতে চায়। এই প্রবণতার কথা জানান সিলেটের বিশ্বনাথ উপজেলা চেয়ারম্যান এবং জেলা আওয়ামী লীগের উপদেষ্টা মো. নুনু মিয়া। এইসব পরিস্থিতি দেখে নুনু মিয়া এবার উপজেলা নির্বাচনে প্রার্থী হননি। তিনি বলেন, "আওয়ামী লীগ থেকে যারা প্রার্থী হয়েছেন তারা সবাই চাইবেন দলের লোকজন যেন তার সঙ্গে থাকে। তারপরও এখানে তো জনপ্রিয়তার বিষয় আছে। আবার এখনো তো মনোনয়ন যাচাই-বাছাইয়ের ব্যাপার আছে। সেটা শেষ হলে প্রকৃত পরিস্থিতি বোঝা যাবে।" এই উপজেলায় মোট ১১ জন চেয়ারম্যান পদপ্রার্থী। তারমধ্যে আওয়ামী লীগের প্রার্থী আছেন ছয়জন। বিএপির চার এবং জামায়াতের একজন।

বাংলাদেশ আঞ্জুমান আল ইসলাহ নামের একটি দলের বিশ্বনাথ উপজেলার সাধারণ সম্পাদক মো. হাবিবুর রহমান। তিনি ওই উপজেলা পরিষদের বর্তমান ভাইস চেয়ারম্যান হলেও এবার নির্বাচনে প্রার্থী হননি। তার কথা, "সবাই মনে করছে এবার নির্বাচনে যেহেতু কোনো দলীয় প্রতীক ও মনোনয়ন নাই তাই নির্বাচন ফেয়ার হবে। সবাই তাই জনপ্রিয়তা যাচাই করতে নেমেছে।" এক প্রশ্নের জবাবে তিনি বলেন,"আওয়ামী লীগ যেহেতু ক্ষমতায় তাই তাদের প্রার্থীরা প্রভাব বিস্তারের চেষ্টা করবে। আর তাদের একাধিক প্রার্থী হওয়ায় দলের স্থানীয় পর্যায়ে গ্রপিং ও দ্বন্দ্ব চলছে নির্বাচনকে নিয়ে।"

ব্রাহ্মণবাড়িয়ায় সরাইল উপজেলায়ও চেয়ারম্যান পদে ১১ জন প্রার্থী। একটি উপজেলায় চেয়ারম্যান পদে এটাই সর্বোচ্চ সংখ্যক প্রার্থী। এরমধ্যে আওয়ামী লীগের আটজন। দুইজন বিএনপির এবং একজনের কোনো দলীয় পরিচয় নেই। জেলা আওয়ামী লীগের নির্বাহী কমিটির সদস্য এবং সরাইল উপজেলা চেয়ারম্যান পদপ্রার্থী মো আবু হানিফ বলেন, "আমাদের সরাইলে সবসময়ই দলের মধ্যে কোন্দল আছে। এই নির্বাচনে কোন্দল আরো বাড়বে। এটা একটা দলীয় কোন্দলের জায়গা। এই কোন্দলের কারণে বিএনপির প্রার্থীর প্রার্থী পাস করে যেতে পারে।"

ঢাকা বিভাগের কিশোরগঞ্জ সদর উপজেলায় যারা চেয়ারম্যান পদে প্রার্থী হয়েছেন তাদের মধ্যে আছেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক নাজমুল আলম। তিনি ডয়চে ভেলেকে বলেন, "দলের নির্বাচন বর্জনের সিদ্ধান্ত থাকলেও আমি এবার নির্বাচন করছি। আমার ওপর স্থানীয় মানুষের চাপ আছে, তৃণমূলের চাপ আছে নির্বাচন করার। তারা চায় আমি যেন নির্বাচন করি। এবার আমি আর নির্বাচনের বাইরে থাকব না।" দল যদি এই কারণে বহিষ্কার করে তাহলে কী করবেন? এই প্রশ্নের জবাবে তিনি বলেন, "আমি আসলে জনগণের চাওয়ার প্রতি সম্মান জানিয়ে নির্বাচনের সিদ্ধান্ত নিয়েছি। এই নিয়ে আর কিছু বলার নেই। তবে নির্বাচনে কোনো দলীয় প্রতীক থাকছে না। যদি ভোটাররা ভোট দেয়ার সুযোগ পায় এবং নির্বাচন নিরপেক্ষ হয় তাহলে যারা জনপ্রিয় প্রার্থী তারা জয়ী হবেন। জনতার জয় হবে।" তিনি এক প্রশ্নের জবাবে বলেন, "দীর্ঘদিন বিএনপি নির্বাচনের বাইরে থাকায় তৃণমূলের নেতা-কর্মীরা যে হতাশ তা বলব না। তবে এই নির্বাচনে অংশ নিলে একটা গতি আসত। তৃণমূলের নেতা-কর্মীদের কাছে একটা নির্বাচনী বার্তা যেত বলে বলে মনে করি।"

মানিকগঞ্জের হরিরামপুর উপজেলা চেয়াম্যান পদে প্রার্থী হয়েছেন বিএনপির যুব সংগঠন যুবদলের উপজেলা যুগ্ম আহ্বায়ক জাহিদুর রহমান তুষার। তিনি সাবেক ইউপি চেয়ারম্যান। তিনি বলেন, "আমি ২০ বছর ধরে ইউনিয়ন চেয়ারম্যান ছিলাম । গত নির্বাচনে বর্তমান উপজেলা চেয়ারম্যান ষড়যন্ত্র করে আমাকে হারিয়ে দিয়েছে। তাই আমি এবার উপজেলা চেয়ারম্যান পদে নির্বাচনে দাঁড়িয়েছি। তবে জনগণও আমাকে চায়। তাদের চাওয়া পুরণ করতেই আমি প্রার্থী হয়েছি।"

আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এস এম কামাল হোসেন বলেন, "এবার দলীয়ভাবে উপজেলা নির্বাচন হচ্ছে না। আওয়ামী লীগ দলীয়ভাবে কোনো প্রার্থীও দেয়নি। তবে স্থানীয় পর্যায়ে কোনো এমপি বা নেতা যে কাউকে সমর্থন দিতে পারেন। এটা তার ব্যাক্তিগত ব্যাপার। আমরা চাই নির্বাচন শান্তিপূর্ণ, অংশগ্রহণমূলক ও উৎসবমুখর হোক। ভোটাররা ভোট কেন্দ্রে ভোট দিতে যাক।" "যদি দলের কেউ শৃঙ্খলা ভঙ্গ করেন তাহলে দল তার বিরুদ্ধে ব্যবস্থা নেবে। কেউ সংঘাত সংঘর্ষে জড়ালে তাদের বিরুদ্ধে পুলিশ ও প্রশাসন ব্যবস্থা নেবে," বলেন তিনি।

এদিকে বিএনপি উপজেলা পরিষদ নির্বাচন বর্জনের নিদ্ধান্ত নিয়েছে বলে বিএনপির যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী মঙ্গলবার এক বিবৃতিতে জানিয়েছেন। বিবৃতিতে তিনি বলেন, "সোমবার রাতে বিএনপির স্থায়ী কমিটির ভার্চুয়াল সভায় উপজেলা নির্বাচন বর্জনের সিদ্ধান্ত নেয়া হয়।" বিবৃতিতে বলা হয়, "বিএনপি বর্তমান নির্বাচন কমিশনের অধীনে এবং প্রশাসন ও পুলিশের একপেশে ভূমিকার জন্য এর আগেও জাতীয় সংসদ ও স্থানীয় সরকার নির্বাচন বর্জন করেছে।

এখনো সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচনের পরিবেশ তৈরি হয়নি।" দলটির সাংগঠনিক সম্পাদক সৈয়দ এমরান সালেহ প্রিন্স জানান, "বিএনপির যারা প্রার্থী হয়েছেন তাদের এরইমধ্যে প্রার্থীতা প্রত্যাহার করে নিতে বলা হয়েছে। যারা প্রত্যাহার করবেন না তাদের বিরুদ্ধে দল কঠোর সিদ্ধান্ত নেবে।" এদিকে জামায়াতে ইসলামীও উপজেলা নির্বাচনে অংশ নেবে না বলে জানা গেছে। তবে তারা আনুষ্ঠানিকভাবে মঙ্গলবার সন্ধ্যা পর্যন্ত কিছু জানায়নি।
(ডয়চে ভেলে ওয়েব পেজ : ১৬.০৪.২০২৪ নারগীস)

# রেডিও টুডে

## ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নিতানিয়াহু এ যুগের হিটলার : ওবায়দুল কাদের

ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু এ যুগের হিটলার বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে আজ মঙ্গলবার দুপুরে এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন তিনি। ওবায়দুল কাদের বলেন, ইসরাইলের নতুন করে ইরান আক্রমণের সিদ্ধান্ত এবং নেতানিয়াহুর দাপট হিটলারকেও ছাড়িয়ে যাবে বলে মনে হয়। নেতানিয়াহু এ যুগের হিটলার। এ সময় উপজেলা নির্বাচন নিয়ে ওবায়দুল কাদের বলেন, উপজেলা নির্বাচনে কোনো প্রভাব বিস্তার থেকে বিরত থাকতে মন্ত্রী এমপিদের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বলেন বিএনপি উপজেলা নির্বাচনে অংশগ্রহণ থেকে বিরত থাকলেও দলটির অনেকেই এই নির্বাচনে অংশ নেবে।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৬.০৪.২০২৪ আসাদ)

## ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনে অংশ নেবে না বিএনপি : রিজভী

ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন বর্জন করার ঘোষণা দিয়েছে বিএনপি। দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী আহমেদ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে মঙ্গলবার এই তথ্য জানানো হয়। বিবৃতিতে জানানো হয় দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যানের সভাপতিত্বে গতকাল সোমবার রাতে বিএনপির স্থায়ী কমিটির ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। এতে নির্বাচন বর্জনের সিদ্ধান্ত হয়। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৬.০৪.২০২৪ আসাদ)

## বোতলজাত সয়াবিন তেলের দাম লিটার প্রতি ১০ টাকা বাড়ালো সরকার

আবারও সয়াবিন তেলের দাম বাড়ানো হলো। বোতলজাত সয়াবিন তেল লিটার প্রতি ১০ টাকা বাড়িয়ে নতুন দাম ১৭৩ টাকা করা হয়েছে। সোমবার এই দাম নির্ধারণ করে বাণিজ্য মন্ত্রণালয়। আজ মঙ্গলবার থেকেই নতুন এই দাম কার্যকর হবে। এর আগে খুচরা পর্যায়ে প্রতি লিটার বোতল জাত সয়াবিনের দাম ছিল ১৬৩ টাকা। নতুন দাম অনুযায়ী পাঁচ লিটারের বোতল জাত সয়াবিন তেলের দাম পড়বে এখন ৮৪৫ টাকা।(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৬.০৪.২০২৪ আসাদ)

## ফরিদপুরের কানাইপুরে বাস ও পিকআপ ভ্যানের সংঘর্ষে ১৩ জন নিহত

ফরিদপুরের কানাইপুরে বাস ও পিকআপ ভ্যানের সংঘর্ষে ১৩ জন নিহত হয়েছেন। প্রাথমিক তথ্যে জানা গেছেন নিহতদের সবাই পিকআপ ভ্যানের আরোহী ছিলেন। এই দুর্ঘটনায় আরো বেশ কয়েকজন আহত হয়েছেন। তবে তাৎক্ষণিকভাবে দুর্ঘটনার শিকার হতাহতদের পরিচয় জানা যায়নি। মঙ্গলবার সকাল আটটার দিকে ঢাকা-খুলনা মহাসড়কের কানাইপুর এবলং ক্যাফটেরিয়ার সামনে এই দুর্ঘটনা ঘটে। ফরিদপুর কোতোয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. হাসানুজ্জামান বলেন ঢাকা থেকে মাগুরাগামী ইউনিক পরিবহনের একটি বাসের সঙ্গে বিপরীত দিক থেকে আসা পিকআপ ভ্যানের সংঘর্ষে হতাহতের এই ঘটনা ঘটে। ঘটনাস্থলে ফায়ার সার্ভিস এবং পুলিশ উদ্ধার কাজ চালিয়ে আহতদের দ্রুত ফরিদপুর বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ হাসপাতালে পাঠিয়েছে। ধারণা করা হচ্ছে একটি পরিবারের লোকজন পিকআপ ভাড়া করে ঈদের ছুটি শেষে ঢাকায় ফিরছিলেন।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৬.০৪.২০২৪ আসাদ)

## শ্রম আইন লঙ্ঘনের মামলায় ড. ইউনূস-সহ চারজনের জামিনের মেয়াদ বাড়ল

শ্রম আইন লঙ্ঘনের মামলায় নোবেলজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূসসহ গ্রামীণ টেলিকমের চার শীর্ষ কর্মকর্তার জামিনের মেয়াদ বাড়িয়েছেন শ্রম আপিল ট্রাইব্যুনাল। আগামী ২৩শে মে পর্যন্ত তাদের জামিনের মেয়াদ বাড়ানো হয়েছে। একই সঙ্গে এই মামলায় সাজার রায়ের বিরুদ্ধে ড. ইউনূস-সহ চারজনের করা আপিল শুনানির জন্য ২৩শে মে তারিখ ধার্য করেছেন আদালত। শ্রম আপিল ট্রাইব্যুনালের দায়িত্বপ্রাপ্ত চেয়ারম্যান এম এ আউয়াল আজ মঙ্গলবার বেলা সাড়ে ১১টার দিকে এ আদেশ দেন। জামিনের মেয়াদ বাড়াতে এবং আপিল শুনানি মুলতবি চেয়ে ড. ইউনূসসহ চার কর্মকর্তার করা পৃথক আবেদনের শুনানি নিয়ে এ আদেশ দেওয়া হয়। অপর তিনজন হলেন গ্রামীণ টেলিকমের সাবেক ব্যবস্থাপনা পরিচালক আশরাফুল হাসান, পরিচালক নুর জাহান বেগম ও মো. শাহজাহান। শ্রমআইন লঙ্ঘনের অভিযোগে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের করা এই মামলায় গ্রামীণ টেলিকমের চেয়ারম্যান ড. ইউনূস-সহ চারজনকে ছয় মাস করে বিনাশ্রম কারাদণ্ড দেন ঢাকার তৃতীয় শ্রম আদালত। এ ছাড়া প্রত্যেককে ৩০ হাজার টাকা অর্থদণ্ড দেওয়া হয়। গত ১ জানুয়ারি এই রায় দেওয়া হয়। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৬.০৪.২০২৪ আসাদ)

## স্বাধীনতা সূচকে এ বছর ২৫ ধাপ পিছিয়েছে বাংলাদেশ

যুক্তরাষ্ট্রের আটলান্টিক কাউন্সিলের স্বাধীনতা সূচকে অধিকাংশ ক্ষেত্রে স্বাধীনতা বঞ্চিত ক্যাটাগরিতে স্থান পেয়েছে বাংলাদেশ। ১৬৪ দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১৪১ তম। আটলান্টিক কাউন্সিলের নতুন বৈশ্বিক স্বাধীনতা ও সমৃদ্ধি প্রতিবেদন বা Global freedom and prosperity report এর ফলাফল জানাতে মঙ্গলবার সকালে রাজধানীর এক হোটেলে এক সম্মেলনের আয়োজন করা হয়। এতে এ তথ্য জানান ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস। এর আগে আটলান্টিক কাউন্সিলের ওয়েবসাইটে এই সংক্রান্ত প্রতিবেদন প্রকাশ করা হয়। পিটার হাস বলেন সুশাসন প্রতিষ্ঠায় রাজনৈতিক, অর্থনৈতিক ও মত প্রকাশের স্বাধীনতা অপরিহার্য। ২২ বছর ধরেই এসব সূচকে অবনতি হচ্ছে বাংলাদেশের। এবছর ২৫ ধাপ পিছিয়েছে বাংলাদেশ। আর সমৃদ্ধি সূচকে অধিকাংশ ক্ষেত্রে অসমৃদ্ধ ক্যাটাগরিতে ১৬৪টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৯৯তম, যা মধ্যম আয়ের দেশ ও সরকারের রূপকল্প ২০৪১ বাস্তবায়নের পথে বিরাট বাধা বলেন মন্তব্য করেন মার্কিন রাষ্ট্রদূত। তিনি বলেন বাংলাদেশের সমৃদ্ধি ও সুশাসন নিশ্চিত কাজ করবে যুক্তরাষ্ট্র। এদিকে প্রতিযোগিতামূলক অর্থনীতির জন্য প্রতিযোগিতামূলক রাজনীতি প্রয়োজন বলে অনুষ্ঠানে মন্তব্য করেন অর্থনীতিবিদ ড. দেবপ্রিয় ভট্টাচার্য। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৬.০৪.২০২৪ আসাদ)

## চলতি মাসে তাপমাত্রা ৪২ ডিগ্রি ছাড়িয়ে যেতে পারেঃ আবহাওয়া অধিদপ্তর

দেশের চলমান তাপ প্রবাহ আরো বেড়ে অতি তীব্র আকার ধারণ করে কোথাও কোথাও তাপমাত্রা ৪২ ডিগ্রি সেলসিয়াস ছাড়িয়ে যেতে পারে বলে ধারণা করছে আবহাওয়া অফিস। মঙ্গলবার সংবাদ মাধ্যমকে এসব কথা বলেছেন আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ বজলুর রশিদ। তিনি বলেন শুক্রবার থেকে সারাদেশে তাপমাত্রা আরও বাড়তে পারে। আর শনিবারের পর ৪২ ডিগ্রী সেলসিয়াস ছাড়িয়ে যেতে পারে। আবহাওয়া অফিসের পূর্বাভাসে বলা হয়েছে মঙ্গল ও বুধবার রংপুর, ময়মনসিংহ, সিলেট, চট্টগ্রাম ও ঢাকা বিভাগের কিছু জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ ঝড় বৃষ্টি হতে পারে। এতে তাপদাহ তেমন কাটবেনা। এই দুই দিনে রাত ও দিনের তাপমাত্রা অপরিবর্তিত থাকলেও এরপর থেকে আবারও বাড়তে শুরু করবে তাপমাত্রা। বজলুর রশিদ বলেন এপ্রিল মাস উষ্ণতম মাস হওয়ায় এ মাসের বাকি দিনগুলো জুড়েই সারা দেশে থাকবে তাপ দাহ। আর এ সময় অতি তীব্র তাপ প্রবাহ বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৬.০৪.২০২৪ আসাদ)

## দেশে পণ্যের দাম যাতে না বাড়ে সেজন্য বিকল্প ব্যবস্থা নেয়া হচ্ছে : বাণিজ্য প্রতিমন্ত্রী

ইরান ও ইসরাইলের মধ্যে চলমান উত্তেজনার জেরে দেশে বিভিন্ন পণ্যের দাম যাতে না বাড়ে সেজন্য বিকল্প দেশ থেকে পণ্য আমদানি এবং সরবরাহ ব্যবস্থা ঠিক করার চেষ্টা চলছে বলে জানিয়েছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু। মঙ্গলবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত মিট দা প্রেস অনুষ্ঠানে তিনি এই তথ্য জানান। বাণিজ্য প্রতিমন্ত্রী বলেন মধ্যপ্রাচ্য থেকে জ্বালানি তেলসহ অন্যান্য পণ্য আসে। এখন ইসরাইল ইরানে পাল্টা হামলা চালাবে কি না জানি না। তারপরও সব বিষয় মাথায় রেখে পণ্যের দাম যেন না বাড়ে সেজন্য আমরা বিকল্পভাবে পণ্য আনার চেষ্টা করছি।(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৬.০৪.২০২৪ আসাদ)

## ফরিদপুরের কানাইপুরে বাস ও পিকআপ ভ্যানের সংঘর্ষে মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৪ জনে

ফরিদপুরের কানাইপুরে বাস ও পিকআপ ভ্যানের সংঘর্ষের ঘটনায় ইকবাল হোসেন নামের আরো একজনের মৃত্যু হয়েছে। এই নিয়ে মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়ালো ১৪ জনে। মঙ্গলবার দুপুর আড়াইটার দিকে ঢাকা নেওয়ার পথে পদ্মা সেতু এলাকায় তিনি মারা যান। এর আগে সকাল আটটার দিকে ঢাকা খুলনা মহাসড়কের কানাইপুরে এই দুর্ঘটনা ঘটে।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৬.০৪.২০২৪ আসাদ)

## কানাইপুরে বাস দুর্ঘটনায় নিহত পরিবারকে ৫ লাখ ও আহতদের ৩ লাখ টাকা দেওয়ার সিদ্ধান্ত

এদিকে ফরিদপুরের কানাইপুরে বাস ও পিকআপ ভ্যানের সংঘর্ষে নিহত ১৪ জনের মধ্যে একই পরিবারের চারজন রয়েছেন। ফরিদপুরের জেলা প্রশাসক মো. কামরুল আহসান তালুকদার জানিয়েছেন নিহত প্রত্যেকের পরিবারকে তাৎক্ষণিক বিশ হাজার টাকা এবং আহত পাঁচ জনের পরিবারকে দশ হাজার টাকা করে দেওয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে। পাশাপাশি তাদের আবেদনের পরিপ্রেক্ষিতে পরে নিহতদের প্রত্যেকের পরিবারকে ৫ লক্ষ ও আহতদের তিন লক্ষ টাকা করে দেওয়া হবে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৬.০৪.২০২৪ আসাদ)

## দাবির মুখে বুয়েটের ছাত্রকল্যাণ অধিদপ্তরের পরিচালক মিজানুর রহমানকে সরিয়ে দেয়া হয়েছে

আন্দোলনরত শিক্ষার্থীদের দাবির মুখে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় বুয়েটের ছাত্রকল্যাণ অধিদপ্তরের পরিচালক অধ্যাপক মিজানুর রহমানকে দায়িত্ব থেকে সরিয়ে দিয়েছে প্রশাসন। তার জায়গায় নতুন করে ছাত্রকল্যাণ পরিচালক পদে পুরকৌশল বিভাগের অধ্যাপক ড. মো. আল-আমিন সিদ্দিকীকে নিয়োগ দেয়া হয়েছে। বুয়েটের রেজিস্টার অধ্যাপক ড. মো. ফোরকান উদ্দিনের সই করা এক অফিস আদেশ থেকে এই তথ্য জানা গেছে।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৬.০৪.২০২৪ আসাদ)

**প্রচন্ড গরমের মধ্যে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে বৃষ্টি হয়েছে**

তীব্র গরমের মধ্যে কালবৈশাখী ঝড়ের সঙ্গে বৃষ্টি হয়েছে রাজধানী ঢাকায়। মঙ্গলবার বিকেল সাড়ে তিনটার দিকে শুরু হয় বৃষ্টি। এর আগে দেশের বিভিন্ন অঞ্চলে বয়ে যায় কালবৈশাখী ঝড়। ঢাকায় অল্প সময়ের মধ্যেই বৃষ্টিও থেমে গেছে। ঢাকায় তীব্র গরমের মধ্যে কিছুটা স্বস্তি এনে দিয়েছে এই বৃষ্টিও ঝড়। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৬.০৪.২০২৪ আসাদ)

## জাগো এফএম

**ফরিদপুরে বাস-পিকআপ সংঘর্ষে নিহত বেড়ে ১৩**

ফরিদপুরে যাত্রীবাহী বাস ও পিকআপের সংঘর্ষে নিহত বেড়ে ১৩ জনে দাঁড়িয়েছে। এছাড়া এ ঘটনায় আহত পাঁচজনকে ফরিদপুরের বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। মঙ্গলবার (১৬ এপ্রিল) সকাল ৮টার দিকে ফরিদপুর-খুলনা মহাসড়কের ফরিদপুরের কানাইপুরের দিকনগর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। সরেজমিনে জানা গেছে, ঘটনাস্থলে ১১ জন নিহত হন। আহত সাতজনকে ফরিদপুরের বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে পথে একজন ও হাসপাতালে আরও একজন মারা যান। তাৎক্ষণিকভাবে নিহতদের নাম-পরিচয় পাওয়া যায়নি। তবে নিহতরা সবাই ফরিদপুরের বাসিন্দা।

পুলিশ জানায়, যাত্রীবাহী বাসটি ঢাকা থেকে মাগুরার উদ্দেশে যাচ্ছিল। কানাইপুরের দিকনগর এলাকায় পৌঁছালে এ দুর্ঘটনা ঘটে। এতে ঘটনাস্থলেই ১১ জন মারা যান। খবর পেয়ে পুলিশ ও ফায়ার সার্ভিস মরদেহ উদ্ধার করে। এছাড়া আহতদের উদ্ধার করে ফরিদপুরের বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ ও হাসপাতালে নেওয়া হয়। সেখানে চিকিৎসাধীন আরও দু'জনের মৃত্যু হয়। স্থানীয় বাসিন্দা মরিয়ম বেগম জাগো নিউজকে বলেন, সকালে প্রচণ্ড শব্দ পেয়ে ঘর থেকে বেরিয়ে দেখি রাস্তায় বাস ও পিকআপের মুখোমুখি সংঘর্ষে হয়েছে। ঘটনাস্থলেই ১১ জন ও হাসপাতালে নেওয়ার পর দু'জনসহ মোট ১৩ জন মারা যান। তিনি আরও বলেন, এখানকার রাস্তা উঁচুনিচু। ইদের আগের থেকে এ পর্যন্ত কমপক্ষে ১৫-২০টি দুর্ঘটনা ঘটেছে। ফরিদপুরের বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ হাসপাতালের আবাসিক চিকিৎসক ডা. আসাদুজ্জামান জাগো নিউজকে বলেন, সড়ক দুর্ঘটনায় আহত সাতজনকে উদ্ধার করা হয। হাসপাতালে আনার পথে একজন ও হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আরও একজন মারা যান। বাকি পাঁচজন চিকিৎসা নিচ্ছেন। ফরিদপুরের করিমপুর হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সালাউদ্দিন চৌধুরী জাগো নিউজকে বলেন, 'যাত্রীবাহী বাসটি ঢাকা থেকে মাগুরার উদ্দেশে যাচ্ছিল। এ সময় দুর্ঘটনা ঘটে। এ ঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৬.০৪.২০২৪ প্রতীক)

**মা-স্ত্রী-দুই ছেলে নিয়ে ঢাকা ফিরছিলেন রফিক, পথে গেলো পাঁচজনের প্রাণ**

ফরিদপুরে বাস ও পিকআপ মুখোমুখি সংঘর্ষে নিহত ১৩ জনের মধ্যে পাঁচজন একই পরিবারের। মঙ্গলবার (১৬ই এপ্রিল) সকাল ৮টার দিকে ঢাকা-খুলনা মহাসড়কে শহরতলীর কানাইপুর ইউনিয়নের দিকনগর তেঁতুলতলা এলাকায় এ দুর্ঘটনা ঘটে। একই পরিবারের নিহত পাঁচজন হলেন ফরিদপুরের বোয়ালমারী উপজেলার বেজিডাঙ্গা গ্রামের রফিক মোল্লা (৩৫), তার স্ত্রী সুমি বেগম (২৩), দুই ছেলে রুহান মোল্লা (৬), হাবিব মোল্লা (৩) ও মা (৬৩)। নিহত রফিক ঢাকায় একটি সরকারি অফিসে লিফটম্যান হিসেবে কর্মরত ছিলেন। ইদের ছুটি শেষে করে তিনি মা, স্ত্রী ও দুই ছেলেকে নিয়ে পিকআপযোগে ঢাকায় যাচ্ছিলেন। মা-স্ত্রী-দুই ছেলে নিয়ে ঢাকা ফিরছিলেন রফিক, পথে গেলো পাঁচজনের প্রাণ। স্থানীয় বাসিন্দা ও পুলিশ সূত্রে জানা গেছে, ঢাকা থেকে মাগুরাগামী ইউনিক পরিবহনের সঙ্গে ফরিদপুরের আলফাডাঙ্গা থেকে আসা একটি পিকআপের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলে ১১ জন এবং বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পথে একজন ও পরে একজন মারা যান। এর ভেতর একজনের নাম মর্জিনা বেগম। হাইওয়ে মাদারীপুর রিজিওনের পুলিশ সুপার শাহিনুল আলম খান জাগো নিউজকে বলেন, খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে। পাঁচ জনের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। বিস্তারিত তথ্য পরবর্তীতে জানানো যাবে। ফরিদপুরের জেলা প্রশাসক (ডিসি) কামরুল আহসান তালুকদার বলেন, এ ঘটনায় পাঁচ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। একইসঙ্গে নিহতদের প্রত্যেকের পরিবারকে পাঁচ লাখ টাকা এবং আহতদের প্রত্যেককে তিন লাখ টাকা করে সরকারের পক্ষ থেকে দেওয়া হবে। (জাগো এফএম ওয়েব পেজ : ১৬.০৪.২০২৪ প্রতীক)

**নেতানিয়াহু এ যুগের হিটলারঃ কাদের**

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুকে 'এ যুগের হিটলার' বলে মন্তব্য করছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। মঙ্গলবার (১৬ই এপ্রিল) দুপুরে আওয়ামী লীগ সভাপতির ধানমন্ডির রাজনৈতিক কার্যালয়ে সংবাদ সম্মেলনে তিনি এ মন্তব্য করেন। ওবায়দুল কাদের বলেন, নেতানিয়াহু হিটলারের চেয়ে ভয়ংকর ভূমিকায় আবির্ভূত হয়েছেন। ইসরায়েলের নতুন করে ইরান আক্রমণের সিদ্ধান্ত এবং নেতানিয়াহুর দাপট হিটলারকেও ছাড়িয়ে যাবে বলে মনে হয়। নেতানিয়াহু এ যুগের হিটলার। তিনি বলেন, যুক্তরাষ্ট্রের আটলান্টিক কাউন্সিলের সূচকে বাংলাদেশ ২৫ ধাপ পিছিয়ে এটা বিশ্বাস করতে চায় না বাংলাদেশ। মার্কিন যুক্তরাষ্ট্র গণতন্ত্র সূচকে কত ধাপ পিছিয়ে, মার্কিন রাষ্ট্রদূত পিটার দি হাসের কাছে তা জানতে চেয়েছেন ওবায়দুল কাদের।

এর আগে আটলান্টিক কাউন্সিলের নতুন বৈশ্বিক স্বাধীনতা ও সমৃদ্ধি প্রতিবেদনের (গ্লোবাল ফ্রিডম অ্যান্ড প্রসপারিটি রিপোর্ট) ফলাফল জানাতে মঙ্গলবার (১৬ই এপ্রিল) সকালে রাজধানীর একটি হোটেলে ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস বলেন, সুশাসন প্রতিষ্ঠায় রাজনৈতিক, অর্থনৈতিক ও মতপ্রকাশের স্বাধীনতা অপরিহার্য। ২২ বছর ধরে এসব সূচকে অবনতি হচ্ছে বাংলাদেশের। এ বছর ২৫ ধাপ পিছিয়েছে বাংলাদেশ। ওবায়দুল কাদের বলেন, আগামী ৮ই মে উপজেলা নির্বাচনে দলীয় প্রতীক থাকছে না। মন্ত্রী-এমপিদের প্রভাব বিস্তার না করতে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। নির্বাচনে সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে নির্দেশ দেওয়া হয়েছে। এসময় বিএনপির সমালোচনা করে তিনি বলেন, বিএনপির আন্দোলন অন্তঃসারশূন্য। তাদের আন্দোলনে জনসম্পৃক্ততা নেই। দলটি প্রকাশ্যে উপজেলা নির্বাচনের বিরোধিতা করছে। তবে তাদের অনেকেই আসন্ন উপজেলা নির্বাচনে অংশ নেবেন। যুদ্ধ-বিগ্রহ নিয়ে বিশ্ব পরিস্থিতির কঠিন সময় সামাল দেওয়া চ্যালেঞ্জ জানিয়ে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, দ্রব্যমূল্য সহনীয় রাখার জন্য চেষ্টা করে যাচ্ছে সরকার। ব্যাংক খাতে লেনদেন আগের চেয়ে বেড়েছে। রমজানেও লেনদেন ভালো হয়েছে।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৬.০৪.২০২৪ প্রতীক)

## ড. ইউনূসের স্থায়ী জামিন হয়নি, মেয়াদ বাড়িয়েছেন ট্রাইব্যুনাল

শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের করা মামলায় ৬ মাসের সাজাপ্রাপ্ত নোবেল জয়ী ড. মুহাম্মদ ইউনূসকে স্থায়ী জামিন দেননি শ্রম আপিল ট্রাইব্যুনাল। তবে ওই মামলায় ইউনূসসহ চারজনের জামিনের মেয়াদ বাড়িয়েছেন আদালত। আগামী ২৩শে মে পরবর্তী শুনানি অনুষ্ঠিত হবে। ওইদিন পর্যন্ত তাদের জামিনের মেয়াদ বাড়ানো হয়েছে। মঙ্গলবার (১৬ই এপ্রিল) শ্রম আপিল ট্রাইব্যুনালের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) সিনিয়র জেলা ও দায়রা জজ এম এ আউয়াল এ আদেশ দেন। আদালতে আজ ড. ইউনূসসহ চারজনের পক্ষে শুনানিতে ছিলেন ব্যারিস্টার মো. আব্দুল্লাহ আল মামুন। তার সঙ্গে ছিলেন ব্যারিস্টার খাজা তানভীর আহমেদ ও এস এম মিজানুর রহমান। কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তরের পক্ষে শুনানিতে ছিলেন সিনিয়র অ্যাডভোকেট মো. খুরশীদ আলম খান ও আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের দায়িত্বরত চিফ প্রসিকিউটর সৈয়দ হায়দার আলী। এসময় ড. ইউনূসসহ অন্য তিন বিবাদী গ্রামীণ টেলিকমের এমডি মো. আশরাফুল হাসান, পরিচালক নুরজাহান বেগম ও মো. শাহজাহান আদালতে উপস্থিত ছিলেন।

এর আগে সকালে শ্রম আপিল ট্রাইব্যুনালে স্থায়ী জামিন আবেদন করেন ড. ইউনূসের আইনজীবী ব্যারিস্টার আবদুল্লাহ আল মামুন। এরপর বেলা ১১টায় শ্রম আপিল ট্রাইব্যুনালে উপস্থিত হন ড. ইউনূস। এর আগে গত ৩রা মার্চ ড. ইউনূসসহ চারজনের জামিনের মেয়াদ বাড়িয়েছিলেন শ্রম আপিলের ট্রাইব্যুনাল। একই সঙ্গে মামলার পরবর্তী শুনানির জন্য আজ (১৬ই এপ্রিল) দিন ধার্য করেন আদালত। শ্রম আপিল ট্রাইব্যুনালের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) সিনিয়র জেলা ও দায়রা জজ এম এ আউয়াল এ আদেশ দেন। তারই ধারাবাহিকতায় আজ সেটি শুনানির জন্য আসে। এই মামলায় ১ জানুয়ারি ড. ইউনূসসহ চারজনকে ছয় মাস করে কারাদণ্ড দেন ঢাকার তৃতীয় শ্রম আদালত। একই সঙ্গে প্রত্যেককে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়। রায় ঘোষণার পর উচ্চ আদালতে আপিল করার শর্তে ড. ইউনূসসহ চারজনকে এক মাসের অন্তর্বর্তীকালীন জামিন দিয়েছিলেন ঢাকার তৃতীয় শ্রম আদালত।

২০২১ সালের ১লা সেপ্টেম্বর ড. ইউনূসসহ চারজনের বিরুদ্ধে শ্রম ট্রাইব্যুনালে মামলাটি করা হয়। গত বছরের ৬ই জুন মামলায় অভিযোগ গঠন করা হয়। গত বছরের ২২শে আগস্ট সাক্ষ্যগ্রহণ শুরু হয়, যা শেষ হয় ৯ই নভেম্বর। গত ২৪শে ডিসেম্বর যুক্তিতর্ক শুনানি শেষ হয়। মামলায় অভিযোগ আনা হয়, শ্রম আইন ২০০৬ ও শ্রম বিধিমালা ২০১৫ অনুযায়ী, গ্রামীণ টেলিকমের শ্রমিক বা কর্মচারীদের শিক্ষানবিশকাল পার হলেও তাদের নিয়োগ স্থায়ী করা হয়নি। প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক বা কর্মচারীদের মজুরিসহ বার্ষিক ছুটি, ছুটি নগদায়ন ও ছুটির বিপরীতে নগদ অর্থ দেওয়া হয়নি। গ্রামীণ টেলিকমে শ্রমিক অংশগ্রহণ তহবিল ও কল্যাণ তহবিল গঠন করা হয়নি। লভ্যাংশের ৫ শতাংশের সমপরিমাণ অর্থ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন আইন অনুযায়ী গঠিত তহবিলে জমা দেওয়া হয়নি।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৬.০৪.২০২৪ প্রতীক)

## পণ্যের দাম ও আমদানি ঠিক রাখতে নেওয়া হচ্ছে বিকল্প ব্যবস্থা

বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু জানিয়েছেন, মধ্যপ্রাচ্যে ইরান ও ইসরায়েলের মধ্যকার চলমান উত্তেজনায় দেশের মধ্যে পণ্যের দামে প্রভাব পড়বে না। তিনি বলেন, দেশে যাতে আমদানিনির্ভর পণ্যের দাম না বাড়ে সেজন্য বিকল্প দেশ থেকে পণ্য আমদানি ও সরবরাহ ব্যবস্থা ঠিক রাখার চেষ্টা চলছে। মঙ্গলবার (১৬ই এপ্রিল) ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত মিট দ্য প্রেসে এসব কথা জানান তিনি। ডিআরইউ সাধারণ সম্পাদক মহিউদ্দীনের পরিচালনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনটির সভাপতি সৈয়দ শুকুর আলী শুভ। এসময় উপস্থিত ছিলেন ডিআরইউ নির্বাহী কমিটির সদস্যসহ গণমাধ্যমকর্মীরা।

আহসানুল ইসলাম টিটু বলেন, রাশিয়া-ইউক্রেন, হামাস-ইসরায়েল বা ইরান ও ইসরায়েল হামলা, এসব আন্তর্জাতিক। তবুও এসবের কারণে জ্বালানির দাম বেড়ে যায়। এতে পরিবহন খরচ বাড়ে যার প্রভাব পড়ে নানা পণ্যে। আমদানি-রপ্তানিতে সংকট তৈরি হয়। তবে ইসরায়েলে ইরানের হামলা হঠাৎ করে, এটা আমাদের জানা ছিল না। মধ্যপ্রাচ্য গুরুত্বপূর্ণ, সেখান থেকে জ্বালানি তেলসহ অন্যান্য পণ্য আসে। ইসরায়েল আবার ইরানে পাল্টা হামলা চালাবে কি না

জানি না। তবুও সব বিষয় মাথায় রাখা হচ্ছে। এসবের কারণে যাতে পণ্যের দাম না বাড়ে, সেজন্য আমরা বিকল্পভাবে পণ্য আনার চেষ্টা করছি। টিসিবির পণ্য নিয়ে তিনি বলেন, এক কোটি মানুষকে টিসিবির মাধ্যমে ন্যায্যমূল্যে পণ্য দেওয়া হচ্ছে। প্রধানমন্ত্রী আমাদের জানিয়েছেন আরও কী কী পণ্য ন্যায্যমূল্যে দেওয়া যায় সেটা নিয়েও কাজ করা হচ্ছে। টিসিবির পণ্যকে স্থায়ী দোকানের মধ্যে নিয়ে আসার পরিকল্পনা রয়েছে। টিসিবি কার্ড পাওয়া ব্যক্তিদের অনেকেই মারা গেছেন আবার নতুন করে অনেকেই যুক্ত হবেন। এজন্য টিসিবির তালিকা হালনাগাদ করা হবে। অন্যদিকে ভোজ্যতেলের স্থানীয় উৎপাদন ও আমদানি পর্যায়ের ভ্যাট ছাড়ের এ মেয়াদ ছিল ১৫ই এপ্রিল পর্যন্ত। এরইমধ্যে এর মেয়াদ শেষ হওয়ায় ভোজ্যতেলের দাম বাড়ানোর প্রস্তাব করেছেন মিল মালিকরা। তবে তেলের দাম বাড়িয়ে আগের দামে ফিরে যাওয়ার সুযোগ নেই বলে জানান বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু।
(জাগো এফএম ওযেব পেজ : ১৬.০৪.২০২৪ প্রতীক)

## উপজেলা নির্বাচন বর্জনের সিদ্ধান্ত বিএনপির

আসন্ন উপজেলা নির্বাচন বর্জনের সিদ্ধান্ত নিয়েছে বিএনপি। সোমবার (১৫ই এপ্রিল) রাতে দলটির সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম জাতীয় স্থায়ী কমিটির ভার্চুয়াল সভায় এ সিদ্ধান্ত নেয়। মঙ্গলবার (১৬ই এপ্রিল) বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী এক বিবৃতিতে এসব তথ্য জানিয়েছেন। রিজভী বলেন, সোমবার রাতে বিএনপির জাতীয় স্থায়ী কমিটির ভার্চুয়াল সভা দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় ৮ই মে থেকে শুরু হওয়া আসন্ন চার ধাপের উপজেলা পরিষদ নির্বাচন নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে জাতীয় স্থায়ী কমিটির সভা নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করে। এসব সিদ্ধান্তের মধ্যে রয়েছে, সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে নির্বাচিত জনপ্রতিনিধি যারা প্রতিটি ক্ষেত্রে জনগণের কাছে জবাবদিহি করে সেই নির্বাচন গণতন্ত্রের অপরিহার্য শর্ত। এই শর্তের অনুপস্থিতিতে স্বৈরতন্ত্র আত্মপ্রকাশ করে। বর্তমানে বাংলাদেশে স্বৈরাচারের অভ্যুদয় হয়েছে।

আওয়ামী দখলদার শাসকগোষ্ঠী ক্ষমতাসীন হয়ে দেড় দশক ধরে অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও সবার অংশগ্রহণমূলক নির্বাচন বাংলাদেশ থেকে উচ্ছেদ করেছে। তাদের আমলে কখনোই জাতীয় ও স্থানীয় সরকার কোনো নির্বাচনই অবাধ ও সুষ্ঠু হয়নি। জনগণের ভোটের তোয়াক্কা না করে ক্ষমতাসীন দলের মনোনীত প্রার্থীদেরই আজ্ঞাবাহী নির্বাচন কমিশন বিজয়ী ঘোষণা করে। দখলদার শাসকগোষ্ঠী প্রতিটি নির্বাচনের আগে জনগণকে প্রতারিত করার জন্য নতুন নতুন রণকৌশল গ্রহণ করে। এতে আরও বলা হয়, প্রাণবন্ত গণতন্ত্রে নিরপেক্ষ নির্বাচনের সংস্কৃতি আওয়ামী লীগ কখনোই রপ্ত করেনি। তাদের অধীনে সব জাতীয় সংসদ ও স্থানীয় সরকার নির্বাচনে প্রতিদ্বন্দ্বী বিরোধী দলের প্রার্থীদের নানাভাবে হামলা, মামলা ও হয়রানির শিকার হতে হয়েছে। মনোনয়নপত্র তোলা ও জমা দেওয়া এবং নির্বাচনী প্রচারণায় হামলা ও শারীরিক আক্রমণসহ পথে পথে বাধা দেওয়া হয়। অনেককেই মনোনয়নপত্র জমা দিতেও দেওয়া হয়নি।

বিএনপির ভাষ্য, অগণতান্ত্রিক শক্তি কখনো অবাধ, সুষ্ঠু নির্বাচনের মিত্র হতে পারে না। আওয়ামী শাসকগোষ্ঠী ভোটারবিহীন ৭ই জানুয়ারির নির্বাচনের সব আয়োজন সম্পন্ন করার পরও তারা আশঙ্কামুক্ত হতে পারেনি। তাই নির্বাচনী পর্যবেক্ষকদেরও নির্বাচন পর্যবেক্ষণের সুযোগ না দেওয়া, ইন্টারনেটের গতি শ্লথ করা, নাগরিকদের নজরদারি নস্যাৎ ইত্যাদি নজিরবিহীন সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন বিনাশী পদক্ষেপ গ্রহণ করে। এর আগেও জাতীয় ও স্থানীয় সরকার নির্বাচনে বিরোধী দলের পোলিং এজেন্টদের নানাভাবে বাধা প্রদান করা হয়। কিছু এজেন্টকে ভোটকেন্দ্রে ঢুকতে দেওয়া হলেও পরক্ষণেই তাদের বের করে দেওয়া হয়। একতরফা নির্বাচন করতে গিয়ে বিএনপিসহ গণতন্ত্রমনা দলগুলোর হাজার হাজার নেতাকর্মীকে কারাগারে ভরে রাখে। ৭ জানুয়ারির ডামি নির্বাচনে বিএনপির শীর্ষ নেতাসহ প্রায় ২৫ হাজারেরও বেশি নেতাকর্মীকে কারান্তরীণ করা হয়, অনেকেই এখনো কারাগারে মানবেতর জীবনযাপন করছেন। গুম, খুন অব্যাহত আছে। বিএনপির বক্তব্য, এমতাবস্থায় বিএনপি শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার ও তার সাজানো নির্বাচন কমিশনের অধীনে এবং প্রশাসন ও পুলিশের প্রকাশ্য একপেশে ভূমিকার জন্য আগে অনুষ্ঠিত জাতীয় সংসদ ও স্থানীয় সরকার নির্বাচন বর্জন করেছে। এখনো সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচনের পরিবেশ তৈরি হয়নি এবং বিদ্যমান অরাজক পরিস্থিতি আরও অবনতিশীল হওয়ায় আসন্ন উপজেলা নির্বাচনে অংশগ্রহণ না করার যৌক্তিক কারণ রয়েছে। এই সরকার ভোট, সংবিধান, ভিন্নমত প্রকাশ, বহুদলের অংশগ্রহণে নির্বাচনসহ মানুষের সহজাত অধিকারগুলোকে বিপর্যস্ত করেছে। আওয়ামী লীগের রাজনীতির একমাত্র ভিত্তি হচ্ছে মানুষকে ভয় দেখিয়ে ক্ষমতা ধরে রাখা। সহিংস সন্ত্রাসের ব্যাপক বিস্তারের ফলশ্রুতিতে এই অবৈধ সরকারের অপরাজনীতি ও নির্বাচনী প্রহসনের অংশীদার না হওয়ার বিষয়ে দৃঢ়প্রতিজ্ঞ বিএনপি। আগামী ৮ মে থেকে শুরু হওয়া সবক'টি ধাপের উপজেলা পরিষদ নির্বাচন বর্জনের সিদ্ধান্ত গ্রহণ করেছে দলটি। (জাগো এফএম ওযেব পেজ : ১৬.০৪.২০২৪ প্রতীক)

## পালিয়ে বাংলাদেশে আশ্রয় নিলো বিজিপির আরও ১২ সদস্য

মিয়ানমার বর্ডার গার্ড পুলিশের (বিজিপি) আরও ১২ সদস্য পালিয়ে বাংলাদেশে আশ্রয় নিয়েছে। মঙ্গলবার (১৬ই এপ্রিল) সকালে নাইক্ষ্যংছড়ি সদর ইউপির আষাঢ়তলী, জামছড়ি ও ঘুমধুম ইউপির রেজু সীমান্ত দিয়ে তারা বাংলাদেশে আশ্রয় নেয়। স্থানীয় সূত্র জানায়, মিয়ানমারের অভ্যন্তরে সরকারি জান্তা বাহিনীর সদস্যরা সংঘাতে বিদ্রোহীদের সঙ্গে টিকতে না পেরে বাংলাদেশে আশ্রয় নিয়েছে। তাদের নিরস্ত্রীকরণ করে বিজিবির তত্ত্বাবধানে রাখা হয়েছে। নাইক্ষ্যংছড়ি সদর ইউপি চেয়ারম্যান নুরুল আবছার ইমন বলেন, ৮ নম্বর ওয়ার্ড জামছড়ি সীমান্ত দিয়ে ১০ বিজিপি সদস্য

বাংলাদেশে আশ্রয় নিয়েছে। তাদের বিজিবির তত্ত্বাবধানে রাখা হয়েছে। ঘুমধুম ইউপির ৮ নম্বর ওয়ার্ড সদস্য বাবুল কান্তি চাকমা জানান, ওয়ার্ডের ফাত্রাঝিরি রেজু আমতলী পাড়া সীমান্ত দিয়ে দুই বিজিপি সদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছে। তাদের সংখ্যা আরও বাড়তে পারে বলে ধারণা করা হচ্ছে। বিজিবির গণসংযোগ কর্মকর্তা শরিফুল ইসলাম আজ সকালে ১২ বিজিপি সদস্য আশ্রয় নেওয়ার বিষয়টির সত্যতা নিশ্চিত করেন। এর আগে ১৭৭ বিজিপি সদস্য আশ্রয় নেন। আশ্রয় নেওয়া সব সদস্যকে নিরস্ত্র করে বিজিবির হেফাজতে নেওয়া হয়েছিল।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৬.০৪.২০২৪ প্রতীক)

## স্থায়ী দোকানে বিক্রি হবে টিসিবির পণ্য: বাণিজ্য প্রতিমন্ত্রী

ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশের (টিসিবি) পণ্য বিক্রি ও সরবরাহ নিশ্চিত করতে স্থায়ী দোকান তৈরি করা হবে জানিয়ে বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু বলেছেন, টিসিবি সাধারণত একত্রে চার থেকে পাঁচটি পণ্য সরবরাহ করে। কিন্তু অনেক সময় এমন হয় একটি পণ্য পৌঁছাতে দেরি হলে ডিসিরা বাকি পণ্যগুলো আটকে রাখেন, সবগুলো পণ্য একত্রে দেবেন বলে। কিন্তু যখন ফিক্সড দোকান করে দেবো তখন যে মাল যখনই দোকানে চলে যাবে তখনই সেই মাল বিক্রি শুরু হবে। মঙ্গলবার (১৬ই এপ্রিল) ঢাকা রিপোটার্স ইউনিটি (ডিআরইউ) আয়োজিত মিট দ্য রিপোর্টার্স অনুষ্ঠানে এসব কথা বলেন বাণিজ্য প্রতিমন্ত্রী। ডিআরইউর সাধারণ সম্পাদক মহিউদ্দিনের সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি সৈয়দ শুকুর আলী শুভ। মাঝে মাঝে টিসিবির পণ্য সরবরাহে সমস্যা হচ্ছে, এ বিষয়ে সাংবাদিকরা প্রশ্ন করলে বাণিজ্য প্রতিমন্ত্রী বলেন, জরুরিভিত্তিতে পণ্য সরবরাহ ও সেবা নিশ্চিত করতে টিসিবি শুরু হয়েছিল। পরে এটাকে একটা কাঠামোতে নিয়ে আসতে আমরা কাজ করছি। আমাদের নিজস্ব কোনো গুদাম ছিল না। যে কোনো পণ্যের নিরবচ্ছিন্ন সরবরাহ রাখতে সেটার বাফার স্টক থাকা দরকার।

তিনি বলেন, বাফার স্টকের জন্য আমাদের গুদাম দরকার। চট্টগ্রামে আমরা ৪০ হাজার স্কয়ার ফুটের একটি নতুন গুদাম করেছি। বিভিন্ন বিভাগীয় শহরে গুদাম করছি। চেষ্টা করবো দ্রুত যেন বাফার স্টক তৈরি করতে পারি। এছাড়া টিসিবিতে আমাদের চার-পাঁচটি পণ্য দেওয়া হয়, অনেক সময় একসঙ্গে সব পণ্য না পেলে ডিসিরা পণ্য দেন না। এজন্য আমরা নির্দিষ্ট দোকান তৈরি করে দেবো, যাতে যখন যে মাল আসবে তখন সেটা বিক্রি শুরু করতে পারবে। তিন কারণে মাঝে মাঝে টিসিবির পণ্য সরবরাহে সমস্যা হচ্ছে উল্লেখ করে বাণিজ্য প্রতিমন্ত্রী বলেন, আমাদের তিনটা কারণ এক হলো, বাফার স্টক না থাকায় আমাদের পণ্য কিনেই বিক্রি করতে হচ্ছে। বিভাগীয় পর্যায়েও আমাদের বাফার স্টক নেই। দ্বিতীয় আমাদের সংরক্ষণের জন্য স্টোরেজ নেই এবং ডিলারদেরও ১৫ দিন বা একমাস পণ্য রাখার মতো নিজস্ব কোনো ব্যবস্থা নেই। এই তিন কারণে টিসিবির পণ্য সরবরাহে ৭ বা ১০ দিন আগে-পিছ হচ্ছে।

প্রতিমন্ত্রী বলেন, যেখানে যে জিনিস ভালো পাওয়া যায় আমরা সেটা সংগ্রহ করে টিসিবির মাধ্যমে নিম্ন মধ্যবিত্ত, মধ্যবিত্ত এবং নির্দিষ্ট আয়ের মানুষের মধ্যে ন্যায্যমূল্যে বিতরণ করবো। টিসিবির পণ্য হতদরিদ্র মানুষের জন্য নয়। কারণ ৬০০ থেকে এক হাজার টাকা পণ্য ক্রয় করার ক্ষমতা তাদের নেই। এজন্য এমন মানুষদের সম্পৃক্ত করবো যাতে নিম্ন, মধ্যবিত্ত ও নির্দিষ্ট আয়ের মানুষ তাদের একটু সুযোগ সুবিধা দিতে পারি। তিনি বলেন, আমরা আরেকটি বিষয়ে নজর দিচ্ছি সেটা হলো পণ্য বহুমুখীকরণের মাধ্যমে রপ্তানি বাড়ানো। এত কিছুর মধ্যেও গত তিন মাসে, প্রতি মাসে আমরা রপ্তানি বাড়িয়েছি। এখন আমরা আমদানিতেও বহুমুখীকরণ করতে চাচ্ছি। যাতে একটি স্থান বা দেশের ওপর নির্ভর না থাকতে হয়। আমরা অনেক দেশের সঙ্গে যোগাযোগ করছি।

বাণিজ্য প্রতিমন্ত্রী বলেন, ২০২৬ সালের পর স্বল্পোন্নত থেকে উন্নয়নশীল দেশে (এলডিসি) উত্তরণ ঘটবে। এজন্য আমরা তিন বছর বিভিন্ন সুযোগ সুবিধা পাবো। ফলে আগামী পাঁচ বছর আমাদের জন্য আরেক চ্যালেঞ্জিং। একই সঙ্গে আমরা যে সুবিধাগুলো পেতাম সেটা এলডিসি হলে পাবো না। সেজন্য এখনই আমাদের প্রস্তুতি নিতে হবে। আমাদের রপ্তানি বাড়াতে বিভিন্ন দেশের সঙ্গে যোগাযোগ বাড়াতে হবে। তিনি বলেন, এ পর্যন্ত ছয়টি দেশের বাণিজ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা হয়েছে। তারা আমাদের সঙ্গে বাণিজ্য ও বিনিয়োগ করতে আগ্রহী। এ পর্যন্ত অনেকগুলো দেশের সঙ্গে এফটিএ করার জন্য আলোচনা করেছি। তিনি আরও বলেন, বাণিজ্য মন্ত্রণালয়ের বড় কাজ হলো দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ করা, এর সঙ্গে আমদানি-রপ্তানি, দ্বিপাক্ষিক পলিসি নিয়ে কাজ করছি। ট্যারিফ পলিসি নিয়ে কাজ চলছে, আমদানি-রপ্তানি নীতিমালা চূড়ান্ত হয়েছে। অফিসিয়ালি লঞ্চ করবো। আমরা বহুমুখী কাজ করছি। সেজন্য আপনাদের সহযোগিতা চাই। এলডিসি উত্তরণের পরে আমাদের দেশের শিল্পগুলো রক্ষায় কি উদ্যোগ নেওয়া হয়েছে এমন প্রশ্নের উত্তরে বাণিজ্য প্রতিমন্ত্রী বলেন, এ বিষয়ে গবেষণার জন্য প্রতিটি সংশ্লিষ্ট মন্ত্রণালয় কাজ করছে। আমরা শুধু কি কি পরিবর্তন আসবে সেটা করে দেবো। বাকি কাজগুলো সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের করতে হবে। তিনি বলেন, আমাদের লোকাল শিল্প ও কর্মসংস্থার কথা মাথায় রেখেই আমরা ফ্রি ট্রেড এগ্রিমেন্টসহ যা করি সেটা আমাদের একটি নীতিমালা আছে সে অনুযায়ী করবো, সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সঙ্গে আলোচনা করে করবো। ফলে এলডিসি নিয়ে শঙ্কিত হওয়ার কিছু নেই। বুঝে শুনে এফটিএ করা হবে। এমনভাবে এফটিএ করা হবে না যাতে দেশীয় প্রতিষ্ঠান ক্ষতির সম্মুখীন হয়।

এলিডিসি হওয়ার পর ভর্তুকি বা সুবিধা কীভাবে দেওয়া হবে এমন প্রশ্নের উত্তরে প্রতিমন্ত্রী বলেন, ডব্লিউটিও'র আইন অনুযায়ী বাংলাদেশ ভর্তুকি দেবে না। বাংলাদেশ নিজেদের কৌশল মেনেই ভর্তুকি দেবে। এমন কোনো সিদ্ধান্ত নেওয়া হবে না যাতে দেশের লোকাল ব্যবসায়ীরা ক্ষতির মুখে পড়েন। ডব্লিউটিও কিছু বললেই মেনে নিতে হবে এমন নয়।

ভারত তাদের কৃষি ভর্তুকি তুলে নেয়নি। গরুর মাংস আমদানি নিয়ে এক প্রশ্নের উত্তরে বাণিজ্য প্রতিমন্ত্রী বলেন, গরুর মাংসের আমদানি-রপ্তানির কোনো সিদ্ধান্ত বাণিজ্য মন্ত্রণালয় নেবে না। এটি প্রাণিসম্পদ মন্ত্রণালয় থেকে নেওয়া হবে। এখন পর্যন্ত এ ব্যাপারে কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি। বাণিজ্য মন্ত্রণালয় ভোক্তাবান্ধব নাকি ব্যবসায়ীবান্ধব এমন প্রশ্নের উত্তরে তিনি বলেন, সরকার ভোক্তাবান্ধব। আমরা ব্যবসায়ীদের সর্বোচ্চ সুবিধা দেবো যতক্ষণ তারা ভোক্তাকে সাহায্য করবে এবং রীতির মধ্যে থাকবে। আমরা জনগণের স্বার্থে কাজ করতে চাই। যাতে সাধারণ মানুষ সন্তুষ্ট থাকে।
(জাগো এফএম ওযেব পেজ : ১৬.০৪.২০২৪ প্রতীক)

## আরও সোয়া লাখ টন চাল আমদানির অনুমতি পাচ্ছে ৫০ প্রতিষ্ঠান

বাজার নিয়ন্ত্রণে বেসরকারিভাবে আরও এক লাখ ২৪ হাজার মেট্রিক টন সিদ্ধ ও আতপ চাল আমদানির জন্য ৫০টি প্রতিষ্ঠান অনুমতি পাচ্ছে। এ প্রতিষ্ঠানগুলোর অনুকূলে আমদানির অনুমতি দেওয়ার অনুরোধ জানিয়ে মঙ্গলবার (১৬ই এপ্রিল) খাদ্য মন্ত্রণালয় থেকে বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিবের কাছে চিঠি পাঠানো হয়েছে। এরমধ্যে সিদ্ধ চাল ৯১ হাজার টন এবং আতপ চাল ৩৩ হাজার টন। চালে সর্বোচ্চ ৫ শতাংশ ভাঙা দানা থাকতে পারবে বলে চিঠিতে উল্লেখ করা হয়। চাল আমদানির শর্তে বলা হয়েছে, বরাদ্দ পাওয়া আমদানিকারকদের আগামী ১৫ই মে'র মধ্যে পুরো চাল বাংলাদেশে বাজারজাতকরণ করতে হবে। আমদানি করা চালের পরিমাণ, গুদামজাত ও বাজারজাত করার তথ্য সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রককে জানাতে হবে।
বরাদ্দের অতিরিক্ত আইপি (ইমপোর্ট পারমিট) ইস্যু/জারি করা যাবে না। আমদানি করা চাল স্বত্বাধিকারী প্রতিষ্ঠানের নামে ফের প্যাকেটজাত করা যাবে না। আমদানি করা বস্তায় চাল বিক্রি করতে হবে বলেও শর্তে উল্লেখ করা হয়েছে। এর আগে গত ২১শে মার্চ বেসরকারিভাবে ৮৩ হাজার মেট্রিক টন সিদ্ধ ও আতপ চাল আমদানির জন্য ৩০টি প্রতিষ্ঠানকে অনুমতি দিয়েছিল সরকার। (জাগো এফএম ওযেব পেজ : ১৬.০৪.২০২৪ প্রতীক)

## সরকার আরও ভয়ঙ্কর হয়ে উঠছে: মির্জা ফখরুল

ঢাকার হাজারীবাগ থানা বিএনপি ও অঙ্গসংগঠনের ১৫ জন এবং বংশাল থানার এক মামলায় ৬ নেতাকর্মীর জামিন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। মঙ্গলবার (১৬ই এপ্রিল) এক বিবৃতিতে বিএনপি মহাসচিব বলেছেন, ৭ই জানুয়ারির আওয়ামী ডামি সরকার নব্য বাকশালী শাসন প্রতিষ্ঠার মাধ্যমে তাদের অবৈধ ক্ষমতাকে পাকাপোক্ত করতে দেশব্যাপী বিএনপিসহ বিরোধী দলের নেতাকর্মীদের ওপর অবর্ণনীয় জুলুম, অত্যাচার অব্যাহত রেখেছে। তিনি বলেন, দেশের মানুষ নিত্যপণ্যের মূল্যের ঊর্ধ্বগতিতে যখন দিশেহারা তখন দখলদার আওয়ামী সরকার বিএনপিসহ বিরোধী দলের শীর্ষ নেতাদের নতুন মিথ্যা মামলায় আটকসহ আদালতকে দিয়ে সাজা প্রদান ও জামিন নামঞ্জুরের মাধ্যমে কারান্তরীণের অমানবিক খেলায় বেপরোয়া হয়ে উঠেছে। ক্ষমতাসীনদের নির্মম আচরণ, দৌরাত্ম্য এবং দাপটে মানুষ এখন উদ্বেগ-উৎকণ্ঠার মধ্যে দিনাতিপাত করছে। ফ্যাসিস্ট আওয়ামী সরকার তাদের সব অপকর্মকে আড়াল করতেই সরকারের জুলুমের মাত্রা বৃদ্ধি করেছে। অপরাধ না করেও মিথ্যা মামলায় আসামি হওয়া, গ্রেফতার হওয়া ও কারাগারে যাওয়া এখন নিয়মে পরিণত হয়েছে।
মির্জা ফখরুল বলেন, আইনের শাসনহীন এই দেশে নিরপরাধ মানুষরাই সরকারের নিপীড়নের শিকার হচ্ছেন। ৭ই জানুয়ারির ডামি নির্বাচনের পর কতৃর্ত্ববাদী আওয়ামী সরকার তাদের দুঃশাসন চালাতে আরও বেশি ভয়ংকর হয়ে উঠেছে। তবে এই শ্বাসরুদ্ধকর পরিস্থিতির অবসান ঘটাতে সংগ্রামী জনগণ ঐক্যবদ্ধভাবে আন্দোলন-সংগ্রাম চালিয়ে যেতে দৃঢ়প্রতিজ্ঞ। বিবৃতিতে মির্জা ফখরুল উল্লেখ করেন, অন্যায়ভাবে সাজাপ্রাপ্ত ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির সদস্য আবুল খায়ের লিটন, হাজারীবাগ থানা বিএনপির সাবেক সভাপতি মজিবুর রহমান মজু, ২২নং ওয়ার্ড বিএনপির সভাপতি নুরুল হক আরজু, সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর হোসেন, সহসভাপতি ইসলাম উদ্দিন, হাজারীবাগ থানা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক আলম হোসেন, সাবেক সিনিয়র যুগ্ম আহবায়ক মুরাদ হোসেন মন্টি, ঢাকা মহানগর পূর্ব ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মো. মামুন, হাজারীবাগ থানা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব মো. মাসুম, ১৪নং ওয়ার্ড বিএনপির সাংগঠনিক সম্পাদক নাজমুল হোসেন, মহিলা দল নেত্রী ফাহমিদা এবং বংশাল থানার অপর একটি মিথ্যা মামলায় সাজাপ্রাপ্ত বিএনপি ও অঙ্গ সংগঠনের ৬ জন নেতাকর্মী যথাক্রমে মো. সোহেল, মো. সিদ্দিক, সাহেদ, আনিস, সাবের ও মাসুদের জামিন নামঞ্জুর করে কারাগারে পাঠানো হয়েছে। তাদের বিরুদ্ধে দায়ের করা মামলা প্রত্যাহার, সাজা বাতিল এবং অবিলম্বে নিঃশর্ত মুক্তির আহ্বান জানান তিনি।(জাগো এফএম ওযেব পেজ : ১৬.০৪.২০২৪ প্রতীক)

## শিক্ষার্থীদের দাবির মুখে বুয়েটের ছাত্রকল্যাণ পরিচালককে অব্যাহতি

আন্দোলনরত শিক্ষার্থীদের দাবির মুখে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ছাত্রকল্যাণ পরিদপ্তরের পরিচালক অধ্যাপক মিজানুর রহমানকে দায়িত্ব থেকে সরিয়ে দিয়েছে প্রশাসন। তার জায়গায় নতুন করে ছাত্রকল্যাণ পরিচালক পদে পুরকৌশল বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আল-আমিন সিদ্দিককে নিয়োগ দেওয়া হয়েছে। মঙ্গলবার (১৬ই এপ্রিল) বুয়েটের রেজিস্টার অধ্যাপক ড. মো. ফোরকান উদ্দিনের সই করা এক অফিস আদেশ থেকে জানা গেছে এ তথ্য। অফিস আদেশে বলা হয়েছে, বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আল আমিন সিদ্দিককে কর্তৃপক্ষের নির্দেশক্রমে যোগদানের তারিখ থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত ছাত্রকল্যাণ পরিদপ্তরের

পরিচালকের অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য নিয়োগ দেওয়া হলো। তিনি অতিরিক্ত এ দায়িত্ব পালনের জন্য নিয়মানুযায়ী ভাতা ও সুযোগ-সুবিধাদি প্রাপ্য হবেন। এতে ছাত্রকল্যাণ পরিদপ্তরের বর্তমান পরিচালক অধ্যাপক ড. মো. মিজানুর রহমানকে নতুন দায়িত্বপ্রাপ্ত অধ্যাপক ড. আল আমিন সিদ্দিককে দায়িত্ব বুঝিয়ে দেওয়ারও অনুরোধ জানানো হয়। এর আগে ২৮শে মার্চ মধ্যরাতে ছাত্রলীগের নেতাকর্মীরা বুয়েট ক্যাম্পাসে প্রবেশ করেন। এ ঘটনার প্রতিবাদে আন্দোলনে নামেন সাধারণ শিক্ষার্থীরা। এসময় তারা ৬ দফা দাবি জানান। সেই ৬ দাবির মধ্যে আন্দোলনরত শিক্ষার্থীদের অন্যতম দাবি ছিল- ছাত্রকল্যাণ পরিদপ্তরের পরিচালক অধ্যাপক ড. মিজানুর রহমানকে সরিয়ে দেওয়া।
(জাগো এফএম ওযেব পেজ : ১৬.০৪.২০২৪ প্রতীক)

## আধিপত্য বিস্তার নিয়ে দুই গ্রুপের সংঘর্ষ, গুলিবিদ্ধ ২

মুন্সিগঞ্জের মোল্লাকান্দিতে আধিপত্য বিস্তারের জেরে সংঘর্ষে দুজন গুলিবিদ্ধসহ বেশ কয়েকজন আহত হয়েছেন। এসময় ককটেল বিস্ফোরণ ঘটিয়ে বিয়েবাড়িসহ কয়েকটি বাড়িতে হামলা-ভাঙচুর চালায় প্রতিপক্ষের লোকজন। মঙ্গলবার (১৬ই এপ্রিল) সকালে স্থানীয় শওকত ও বাবু কাজী গ্রুপের সঙ্গে ইউপি সদস্য ঢলি ও বাহার উদ্দিন গ্রুপের দফা দফায় সংঘর্ষ হয়। পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দীর্ঘদিন ধরে দুই গ্রুপের বিরোধ চলে আসছিল। সোমবার থেকে তাদের মধ্যে উত্তেজনা বিরাজ করছিল। সোমবার ঢলি মেম্বার গ্রুপের বাহার উদ্দিনের ছেলের আশিকের বিয়ে হয়। ছেলে বিয়েকে কেন্দ্র করে বাহার উদ্দিনের বাড়িতে আনন্দ করছিলেন স্বজনরা। এসময় পূর্ব বিরোধের জেরে প্রতিপক্ষ বাবু কাজীর লোকজন অস্ত্র ও ককটেল ফাটিয়ে বিয়েবাড়িতে হামলা করে। এসময় ব্যাপক ভাঙচুর, নববধূর পরিহিত স্বর্ণালংকার লুট করেন।(জাগো এফএম ওযেব পেজ : ১৬.০৪.২০২৪ প্রতীক)

## ইরান স্পষ্টত বিশ্বকে বার্তা দিলো, 'যা ইচ্ছা তা করা যায় না'

'হামাস, হিজবুল্লাহ, হুতি গোষ্ঠীর পাশাপাশি মধ্যপ্রাচ্যের জনগণ এখন ইরানের পক্ষে। ইসরায়েল এ হিসাব কষেই যুদ্ধে যাবে না আপাতত।' বলছিলেন, আন্তর্জাতিক বিশ্লেষক ও ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদ। ইসরায়েলে ইরানের হামলা এবং হামলা পরবর্তী ঘটনাপ্রবাহ নিয়ে জাগো নিউজের পক্ষ থেকে মতামত নেওয়া হয় এ বিশ্লেষকের। ইরানকে ধৈর্যসীমা অতিক্রম করতে বাধ্য করা হয়েছে উল্লেখ করে ড. ইমতিয়াজ বলেন, 'ইরানের ওপর বেশ কয়েকবার হামলা হয়েছে। ইরানের শীর্ষ জেনারেল কাশেম সোলাইমানিকে মেরে ফেলল যুক্তরাষ্ট্র। দামেস্কে ইরানের কনস্যুলেটে যেভাবে হামলা করে বেশ কয়েকজনকে হত্যা করেছে ইসরায়েল, তা সম্পূর্ণভাবে আন্তর্জাতিক আইনের লঙ্ঘন।

ইসরায়েল ইরানের ছয়জন বিজ্ঞানীকে হত্যা করেছে বিভিন্ন সময়। আসলে ইরানের ধৈর্যসীমা ভেঙে দিয়েছিল ইসরায়েল। বাধ্য হয়েই ইরান এ হামলা চালিয়েছে। ইরান স্পষ্টত বিশ্বকে বার্তা দিলো, 'যা ইচ্ছা তা করা যায় না। তোমরা যা ইচ্ছা তাই করবা আর আমরা মেনে নেবো, এটি আর চলতে পারে না। আবার দীর্ঘদিন থেকেই সামরিক শক্তির একটি জানান দিয়ে আসছিল। বলছিল, আমার এই আছে, ওই আছে। ইসরায়েলে হামলার মধ্য দিয়ে তার প্রকাশ ঘটালো ইরান।' ইরান স্পষ্ট করে বলে দিলো, আমি আর থেমে থামব না। জর্ডানের মধ্যেও ড্রোন হামলায় যুক্তরাষ্ট্রের কয়েকজন সেনা মারা যায়। যাতে ইরানের ওপর দোষ চাপায় যুক্তরাষ্ট্র। তার মানে খেয়াল রাখতে হবে ইরান সেই অবস্থায় গেছে। বিভিন্ন দেশে হামলা করার ক্ষমতা সে রাখে। এভাবে ঘোষণা দিয়ে হামলা ইরানের জন্য নজিরবিহীন মন্তব্য করে তিনি বলেন, 'ইসরায়েল, আমেরিকা সবাই জানতো যে ইরান হামলা করতে যাচ্ছে। আমেরিকা-ইসরায়েলও প্রস্তুত ছিল। এমনভাবে হামলা করা হয়েছে, যেখানে কোনো মানুষ মারা যায়নি। ইরান ইসরায়েলকে এ হামলার মধ্য দিয়ে বুঝিয়ে দিলো, তুমি তোমার কাঠামো পরিবর্তন করো। তা না করে ইসরায়েল যদি পাল্টা হামলা করে, তখন ইরান বিশ্বকে দেখাবে, দেখো, আমরা প্রথমবার হামলা করে কোনো মানুষ হত্যা করিনি।'

'সম্প্রতি গাজায় ৩০ হাজারের বেশি মানুষকে হত্যা করেছে ইসরায়েল। অথচ আমাদের হামলায় একজনও মরেনি। একইভাবে ইসরায়েলের আয়রন ডোম ভেদ করার যে ক্ষমতা আছে সেটাও দেখাতে পারল। আমার কাছে মনে হয়েছে বড় আকারের যুদ্ধে গেলে ইসরায়েল ভয়ঙ্কর ভুল করবে। কারণ ওই অঞ্চলের বিশাল সমর্থন আছে প্যালেস্টাইনের পক্ষে। ইরান প্যালেস্টাইনের পক্ষেই কাজ করছে। মধ্যপ্রাচ্যের দু-একটি দেশের সরকার হয়তো ইসরায়েলের পক্ষে আছে। যেমন জর্ডানের রাজা ইসরায়েলের পক্ষে থাকতে পারে। কিন্তু জর্ডানের জনগণের মধ্যে রাজার ব্যাপক অস্তিত্ব আছে বলে মনে হয় না। জর্ডানে তিন হাজারের মতো আমেরিকান সৈন্য আছে। তারাই রাজাকে দেখভাল করে। তার কোনো জনপ্রিয়তাও নেই।' 'রাজা জর্ডানের লোকও নন। তিনি এসেছেন সৌদি আরব থেকে। শরিফ আল মক্কার দুই সন্তান হাসান এবং হোসাইন। একজন ইরাকে যান, যাকে বহু আগেই হত্যা করা হয়। আরেকজন জর্ডানের রাজা। অনেকেই বলছেন, এই রাজাই শেষ। তার সঙ্গে জনগণের কোনো সম্পর্ক নেই। আমেরিকা ও ইসরায়েলের দখলদারি জিইয়ে রেখে এই রাজা শাসন করছে। মধ্যপ্রাচ্যের জনগণ প্যালেস্টাইনদের পক্ষে আছে বলেই সরকারগুলো পশ্চিমা ঘেঁষা হলেও ইরানের বিরুদ্ধে অবস্থান নিতে পারছে না। এ কারণে আমি মনে করি না যে ইসরায়েল বড় আকারে যুদ্ধে যাবে। তবে আগের পলিসি মতে অতর্কিত হামলা করতে পারে। তবে এটি করলেও এখন বিপদ!'

'কারণ ইরান স্পষ্ট করে বলে দিলো, আমি আর থেমে থাকব না। জর্ডানের মধ্যেও ড্রোন হামলায় যুক্তরাষ্ট্রের কয়েকজন সেনা মারা যায়। যাতে ইরানের ওপর দোষ চাপায় যুক্তরাষ্ট্র। তার মানে খেয়াল রাখতে হবে ইরান সেই অবস্থায় গেছে।

বিভিন্ন দেশে হামলা করার ক্ষমতা সে রাখে। হামাস, হিজবুল্লাহ, হুতি গোষ্ঠীর পাশাপাশি সে অঞ্চলের জনগণ এখন ইরানের পক্ষে। ইসরায়েলে এই হিসাব কষেই যুদ্ধে যাবে না।' আমার কাছে মনে হয় না ইসরায়েল পাল্টা হামলা করবে। এরই মধ্যে ইসরায়েলের বিমানবন্দরগুলো খুলে দিয়েছে। স্কুলও খুলছে। ইরানও বলেছে, পাল্টা আক্রমণ না হলে এটিই শেষ। একটি নতুন মঞ্চ তৈরি হলো মধ্যপ্রাচ্যে।

যুক্তরাষ্ট্র কীভাবে দেখছে এ হামলার ঘটনা? বলেন, 'ইরানের এ হামলা ইসরায়েল একা প্রতিহত করেনি। যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স সবাই মিলে নেমে ঠেকিয়েছে। তার মানে ইসরায়েলের একার কোনো শক্তি নেই। যুক্তরাষ্ট্র প্রসঙ্গে দুটি বিষয় এখানে দেখা দরকার। একটি হচ্ছে ডোনাল্ড ট্রাম্প কীভাবে দেখবে? তার ওপর নির্ভর করে জো বাইডেন এগোবে না থামবে তা দেখার আছে। নির্বাচনের বছরে বড় আকারের যুদ্ধে গেলে জো বাইডেনকে পছন্দ করবে সেখানকার জনগণ, আমি তা মনে করি না। এমনিতেই গাজায় গণহত্যা বন্ধের দাবিতে যুক্তরাষ্ট্রের বহু মানুষ রাস্তায় নেমেছে। জিউসরাও নেমেছে। ডেমোক্রেটিক দল এখন কঠিন অবস্থায় আছে।'

দ্বিতীয়ত, যুক্তরাষ্ট্রের জনগণ কী করবে? আমেরিকার মিডিয়া কিন্তু ইরান-ইসরায়েলের ঘটনায় মিশ্র প্রতিক্রিয়া দেখিয়েছে। একটি পক্ষ হয়তো ইসরায়েলকে পাল্টা হামলা করতে উসকে দিচ্ছে। আবার আরেকটি পক্ষ ইসরায়েলকে মাথা ঠান্ডা রাখতে বলছে। জো বাইডেন ইসরায়েলের পক্ষে যুদ্ধে গেলে বাধার সম্মুখীন হবেন এখন। মূলধারার মিডিয়া ইসরায়েলের পক্ষে থাকলেও জনগণ কিন্তু মাঠে নামেনি। জনগণ এখন চিন্তিত ইসরায়েলের নিরপত্তা ব্যবস্থা নিয়ে। কারণ এমন নিরাপত্তা বলয় ভেদ করে হামলা সহজ কথা নয়। ভবিষ্যতে ইরান তো আরও ভয়ঙ্কর ব্যবস্থা নেবে।

আমার কাছে মনে হয় না ইসরায়েল পাল্টা হামলা করবে। এরই মধ্যেই ইসরায়েলের বিমানবন্দরগুলো খুলে দিয়েছে। স্কুলও খুলছে। ইরানও বলেছে, পাল্টা আক্রমণ না হলে এটিই শেষ। একটি নতুন মঞ্চ তৈরি হলো মধ্যপ্রাচ্যে। 'ইসরায়েল ইরানকে আবার টেস্ট করবে কি না সেটাও দেখার বিষয়। নেতানিয়াহু সেটা করতে পারবেন না এখন। আর তা যদি হয় তাহলে নেতানিয়াহুর ক্ষমতায় থাকাটাও মুশকিল হবে। তার বিরুদ্ধে ইসরায়েলের জনগণ রাস্তায় নেমেছে বেশ আগেই। দুর্নীতির অভিযোগও আছে। আবার একেবারে কিছুই যদি না করে তাহলে নেতানিয়াহুর পতন নিশ্চিত হয়ে যাবে। সবশেষে বলা যায় ইরানের এ হামলা মধ্যপ্রাচ্যে নতুন মাত্রা এবং ইসরায়েলের জন্য হুমকি তৈরি করলো।'(জাগো এফএম ওযেব পেজ : ১৬.০৪.২০২৪ প্রতীক)

# BBC

**IRAN'S ATTACK ON ISRAEL OFFERS NETANYAHU A LIFELINE: JEREMY BOWEN**

It wasn't many days ago that Israel's Prime Minister Benjamin Netanyahu was under enormous pressure. After seven aid workers from World Central Kitchen were killed by the Israeli army in Gaza on 1 April, US President Joe Biden seemed finally to lose patience with his troublesome ally. On the same day, Israel attacked the Iranian diplomatic compound in Damascus, killing a senior general, at least six other officers, and violating legal conventions that prohibit attacks on embassies. Iran promised it would retaliate, but previous attacks on senior commanders had generated more words than actions.

(BBC Web Page: 16/04/24, FARUK)

**JORDAN SAYS NETANYAHU WANTS TO DRAW ATTENTION AWAY FROM GAZA**

Jordan's foreign minister says the international community should stop Israeli PM Benjamin Netanyahu from stealing attention away from the war in Gaza by escalating its confrontation with Iran. Ayman Safadi says Iran was responding to the attack against its consulate and had announced it did not want to escalate further. "We are against escalating Netanyahu wants to draw attention away from Gaza and focus on his confrontation with Iran," Safadi told reporters at a press conference in Berlin. (BBC Web Page: 16/04/24, FARUK)

**GERMANY CALLS FOR FRESH SANCTIONS ON IRANIAN DRONES**

German Foreign Minister Annalena Baerbock is calling on the European Union to impose fresh sanctions on Iranian drone technology. She says the campaigned last year - together with France and other EU countries - for the drone sanctions regime to be extended. Meanwhile, Baerbock is heading to Israel on Tuesday for talks on calming tensions in the region. She told reporters it was important for Germany in these fragile times that we all work together to contribute to de-escalation in the Middle East.

(BBC Web Page: 16/04/24, FARUK)

**UN SAYS ISRAEL IMPOSING UNLAWFUL RESTRICTIONS ON AID**

The UN says Israel is still imposing unlawful restrictions on aid for Gaza, despite facing increasing pressure to allow more humanitarian supplies in. Ravina Shamdasani, a UN human rights office spokesperson, says Israel is also carrying out "widespread destruction of civilian infrastructure". The Israeli agency which coordinates aid into Gaza - Cogat - says a food convoy entered Gaza yesterday via a new northern crossing. The agency said on X

(formerly Twitter) that "126 aid trucks coordinated to northern Gaza overnight", adding that two bakeries are operational in northern Gaza "supplying 8,00,000 pita breads for the local population". (BBC Web Page: 16/04/24, FARUK)

**GAZA DEATH TOLL REACHES 33,843**

The Hamas-run health ministry says at least 33,843 Palestinians in Gaza have been killed since October. The toll includes at least 46 deaths over the past 24 hours, a ministry statement says, adding that 76,575 people have been wounded in the Gaza Strip.
(BBC Web Page: 16/04/24, FARUK)

**ISRAEL URGES NEW SANCTIONS ON IRAN'S MISSILE PROGRAMME**

Israel's foreign minister said he had written to 32 countries calling for further sanctions on Iran. This includes, he said, sanctions on Iran's missiles programme. A series of UN sanctions on Iran's missiles programme expired last October because they had been linked to a wider deal on Iran's Nuclear Programme. Countries including the US, UK and EU have already maintained sanctions though and added new ones. Israel's Foreign Minister also called for the Islamic Revolutionary Guard Corps (IRGC) to be declared a terrorist organization. The US has already done so but the UK has not.
(BBC Web Page: 16/04/24, FARUK)

**IRAN VOWS SEVERE RESPONSE TO ACTION AGAINST ITS INTERESTS**

Iran's President Ebrahim Raisi said his country would react to the slightest action against Iran's interests with a severe, extensive and painful response. In a phone call last night with Qatar's Emir Sheikh Tamim bin Hamad Al Thani, Raisi reiterated that Iran was acting in self-defence, adding that it had targeted Israeli bases it said were used to carry out a deadly strike on its consulate in the Syrian capital Damascus. Israel's military chief of staff, Herzi Halevi, said on Monday that Iran's attacks over the weekend "will be met with a response".
(BBC Web Page: 16/04/24, FARUK)

**LIGHTNING AND RAIN KILL DOZENS IN PAKISTAN**

At least 39 people have been killed in Pakistan after days of unusually heavy rains battered the country's southwest. Some of those killed were farmers struck by lightning while harvesting wheat, authorities said. Images online show swathes of farmland engulfed by rainwater. Flash floods have also disrupted power supplies and transportation networks. Pakistan has experienced an increase in extreme weather events, as it grapples with the impacts of climate change. (BBC Web Page: 16/04/24, FARUK)

**CHINA ECONOMY GROWS FASTER THAN EXPECTED**

China's economy made a stronger-than-expected start to the year, even as the crisis in its property sector deepened. According to official data, gross domestic product (GDP) expanded by 5.3% in the first three months of 2024, compared to a year earlier. That best expectations the world's second largest economy could see growth slow to 4.6% in the first quarter. Last month, Beijing set an ambitious annual growth target for world's second largest economy of around 5%. Data from the National Bureau of Statistics (NBS) also showed first quarter retail sales growth, a key gauge of China's consumer confidence, fell to 3.1%.
(BBC Web Page: 16/04024, FARUK)

## ::The End::